भोजप्रबन्ध

भोजप्रबन्धः।

श्रीगङ्गाचरणवेदान्तविद्यासागरप्रणीत-
टीकालङ्कृतो वङ्गानुवादसहितश्च।

श्रीसुरेन्द्रनाथरायचौधुरी (सरस्वती)
श्रीमन्मथनाथमजुमदाराभ्यां

---

५९ नं० क्यानिं ष्ट्रीट, कलिकातातः
प्रकाशितः।

१३२१ वङ्गाब्दे फाल्गुने मासि।

(मूल्यं सार्द्धरूप्यकम् १ाा० ।)

ভূমিকা।

বল্লালসেন এই ভোজপ্রবন্ধনামক গ্রন্থখানি সঙ্কলন করিয়া প্রণয়ন করিয়াছেন, ইহার পুষ্পিকা দেখিলে এইরূপ বুঝিতে পারা যায়। এ বল্লাল গৌড়েশ্বর বল্লাল নহে, অন্য একজন সামান্য পণ্ডিত মাত্র, ইহা স্বীকার করাইতে হইলে, বিশেষ প্রমাণপ্রয়োগের আবশ্যক; কিন্তু কেহই যখন প্রত্যক্ষভাবের সেরূপ সাক্ষ্য ও প্রমাণপ্রয়োগ করিতে সক্ষম নহেন, তখন এই পুষ্পিকা অনুসারে আমরা ইঁহাকে গৌড়েশ্বর বল্লাল বলিয়া স্বীকার করিয়া লইলে বোধ হয় বিশেষ দোষভোগী হইব না।

প্রায় ৭৯৬ বৎসর পূর্ব্বে বল্লালসেন গৌড়ে রাজত্ব করিয়াছিলেন। বল্লালের সময় হইতে প্রায় ১০০ বৎসর পূর্ব্বে ভোজরাজ মালবদেশের ধারানগরে রাজত্ব করিতেন। তখন হিন্দুর এতদূর অধঃপতন হয় নাই; সুতরাং বল্লালসেনের পক্ষে ভোজচরিত জ্ঞাত হইবার বিশেষ সুবিধা ছিল। যাঁহারা হিন্দুশাস্ত্রের পর্য্যালোচনা করিয়া থাকেন, তাঁহারা জানেন যে, ব্যাকরণ হইতে আরম্ভ করিয়া বেদান্তপর্য্যন্ত সমস্তশাস্ত্রের উপর ভোজ কিরূপ প্রভুত্ব প্রতিষ্ঠা করিয়া গিয়াছেন। সেই মহাত্মার সম্বন্ধে প্রবাদপরম্পরায় যাহা কিছু বল্লাল জানিতে পারিয়াছিলেন, বিশেষ অনুসন্ধান করিয়া প্রকৃত সত্য যত টুকু, ততটুকু এই ভোজ-প্রবন্ধে সন্নিবিষ্ট করিয়াছেন। সত্যের দিকে লক্ষ্য রাখায় গ্রন্থের ভাষার দিকে লক্ষ্য রাখিতে পারে নাই, তাহাই ভোজপ্রবন্ধের পক্ষে গৌরবের কারণ হইয়া দাঁড়াইয়াছে। সত্য কথা বলিবার জন্য বল্লাল, ভোজের খাতাপত্র হইতে ভাণ্ডারিকের অনেক লিখিত কথা

উদ্ধার করিয়া দেখাইয়াছেন। ইহা মিথ্যা বলিতে হইলে বাতুলতা প্রকাশ হইয়া পড়িবে, তাহাতে আর সংশয় নাই।

তারপর কালিদাস, ভবভূতি, দণ্ডী, বাণ, বররুচিপ্রভৃতি কবিদিগের কথা। এসকল কবি ভোজের সভায় ছিলেন, ইহা স্বীকার করিতে হইবে। তবে যাঁহাকে তদপেক্ষাও প্রাচীন বলিবে, আমরা বলি, তাঁহাকে বৃদ্ধমনুপ্রভৃতির ন্যায় অন্য একজন বৃদ্ধকালিদাস, বা বৃদ্ধবররুচি বল না কেন ? প্রকৃতও তাই। তবে ভবভূতিকে আর পৃথক করা চলিবে বলিয়া মনে হয় না ; কারণ, উত্তররামচরিত রচয়িতা ভবভূতিই যে ভোজের সভায় ছিলেন, তাহা 'বশ্যবচসা' (ভোজপ্রবন্ধ) এবং 'বাগ্বশ্যেবানুবর্ত্ততে' (উত্তররামচরিত) এই দুই কথায় ধরা পড়িয়া যায়। ভবভূতি আপনাকে সরস্বতীর স্বামী বলিয়া গর্ব্ব করিতেন। তাহা যেমন উত্তররামচরিতে প্রকাশ, সেইরূপ ভোজসভায়ও অভিব্যক্ত ; সুতরাং ভবভূতির আর একটি দ্বিতীয়সংস্করণ স্বীকার না করিলেই ভাল হয়। মল্লিনাথনামে একাধিক ব্যক্তি ভোজসভায় উপস্থিত হইয়াছিলেন ; সুতরাং টীকাপ্রণেতা সুবিখ্যাত মল্লিনাথকে চতুর্থসংস্করণের লোক বলিয়া স্বীকার করায় আপত্তি হইতে পারে না। সুপ্রসিদ্ধ কাদম্বরীপ্রণেতা বাণের কথা স্বতন্ত্র ; কারণ, বাণ সপুত্রে ভোজসভায় ছিলেন, ইহা ভোজপ্রবন্ধেই কথিত হইয়াছে, এবং ভবভূতির কথায় তাহা আরও প্রকাশ হইয়া পড়িয়াছে। মাঘকাব্যপ্রণেতা মাঘকবিও ঠিক সেই সময়েই বর্ত্তমান ছিলেন ; কিন্তু গুর্জ্জরদেশের অধিপতির কৃপায় তাঁহাকে ভোজের সভায় আসিয়া পরিচয় দিবার জন্য প্রস্তুত হইতে দেখা যায় না ; শেষজীবনে মাঘ ভোজের দেশে আসিয়াছিলেন মাত্র ; ভোজের সভায় উপস্থিত হন নাই। ভোজের মহিষীর নাম লীলাবতীদেবী। তবে প্রায়ই তাঁহাকে লীলাদেবী বলিয়া

পরিচিত হইতে দেখা যায়। লীলাবতীর পরিচয় পৃথক্‌ভাবে দিবার কোন প্রয়োজন হয় নাই বলিয়া দেওয়া হয় নাই। লীলাবতী নিজ নামেই পরিচিত। ইনিই 'লীলাবতী'নামক অঙ্কগ্রন্থের রচয়িত্রী। সুপ্রসিদ্ধ 'সিদ্ধান্তশিরোমণি'গ্রন্থপ্রণেতা ভাস্করমিশ্রের ইনিই একমাত্র কন্যা ছিলেন।

এস্থলে ইহা প্রকাশ না করিলে সত্যের মর্য্যাদা রক্ষিত হইবে না যে, বঙ্গদেশের চতুষ্পাঠীপরিচিত ছাত্রবৃন্দের, তথা সকল সভ্যসম্প্রদায়ের নিকট কালিদাস বলিয়া যিনি বিখ্যাত, তিনিই এই ভোজসভাস্থ কালিদাস। কালিদাস ও ভবভূতির বিবাদ, এবং সেই বিবাদভঞ্জনার্থ মনসাদেবীর মধ্যস্থতা করা, আর সেই প্রসঙ্গে 'কবয়ঃ কালিদাসাদ্যা ভবভূতির্মহাকবিঃ।' মনসার এই উক্তির প্রতিবাদে কালিদাসের— 'তরবঃ পারিজাতাদ্যাঃ স্নুহীবৃক্ষো মহাতরুঃ ॥' ইত্যাদি বঙ্গীয় প্রবাদ এখনও অব্যাহতভাবে ছাত্রসম্প্রদায়ের, তথা অধ্যাপকসম্প্রদায়ের মধ্যে প্রচলিত আছে দেখা যায়। ভোজপ্রবন্ধেও তাহার পরিচয় পাওয়া যায়। বেশ্যার গৃহে মৃত্যুর কথা প্রবাদপরম্পরায় প্রচলিত আছে; কিন্তু সে সম্বন্ধে কোন কথাই ভোজপ্রবন্ধ হইতে জানা যায় না। তবে কালিদাস যে বেশ্যাসক্ত ছিলেন, তাহার যথেষ্ট উক্তি দেখা যায়। কালিদাস দুইবার বল্লালের দেশে গিয়াছিলেন বলিয়া সেই বল্লাল ও ভোজপ্রবন্ধরচয়িতা গৌড়েশ্বর বল্লাল একলোক, ইহা বলা যায় না; কারণ, সে বল্লালের রাজধানী একশিলানগরীতে ছিল। একশিলানগরী দাক্ষিণাত্যের অন্তর্গত; এখন উহাকে একশৈলনগর বলা হয়। একশিলানগরী পূর্ব্বে বহুবিদিত ছিল; কারণ, শকাব্দপ্রবর্ত্তক শালিবাহনরাজা এই নগরীতে রাজত্ব করিয়াছিলেন। আমাদের চির-পরিচিত বল্লালসেন সম্বন্ধে অধিক কিছুই বলিবার নাই; তিনি নিজ

গুণেই অমর হইয়া রহিয়াছেন। তৎপ্রণীত এই ভোজপ্রবন্ধের টীকা প্রভৃতি কিছুই না থাকায় অধ্যয়নেচ্ছু ছাত্রদিগের অসুবিধা দূর করিবার জন্য আমি টীকা ও বঙ্গানুবাদ করিয়াছি; এবং প্রায় এক-বৎসরের পরে যে ইহা প্রকাশার্থ শেষ প্রযত্ন করিতে সমর্থ হইয়াছি, তজ্জন্য ভগবানকে প্রাণ ভরিয়া ধন্যবাদ দিতেছি।

অশ্লীলভাগ ত্যাগ করিলে 'আহপ্রাহ'প্রভৃতি কতকগুলি পদ ভিন্ন আর কিছু রাখিতে পারা যায় না বলিয়া আমি কিছুই পরিত্যাগ করি নাই; তজ্জন্য পণ্ডিতগণ ক্ষমা করিবেন।

প্রকাশক প্রকাশ করিলেও ইহার দোষ বা গুণের জন্য আমিই সম্পূর্ণদায়ী। তবে ভরসা করি, 'নেই মামার চেয়ে কাণা মামা ভাল' এই ন্যায় অনুসারে সকলেই একটু দয়ার দৃষ্টিতে দেখিবেন। ইতি

টীকাকার।

सूचीपत्रम् ।

अशुद्धिशोधनम् ।

पत्रे	अशुद्धम्	शुद्धम्
२४७	पञ्चमः परिच्छेदः	षष्ठः परिच्छेदः ।
२५६	षष्ठः ,,	सप्तमः ,,
२९२	सप्तमः ,,	अष्टमः ,,
२८९	अष्टमः ,,	नवमः ,,
३२३	नवमः ,,	दशमः ,,

भोजप्रबन्धः ।

राज्यप्राप्तिप्रबन्धः ।

आदौ धाराराज्ये सिन्धुलसंज्ञो राजा चिरं प्रजाः पर्य्यपालयत्। तस्य वृद्धत्वे भोज इति पुत्रः समजनि। स यदा पञ्चवार्षिकः, तदा पिता ह्यात्मनो जरां ज्ञात्वा मुख्यामात्यानाहूय अनुजं मुञ्जं महाबलमालोक्य, पुत्रञ्च बालं वीक्ष्य विचारयामास—यदि अहं राजलक्ष्मीभारधारणसमर्थं सोदरमपहाय राज्यं पुत्राय प्रयच्छामि, तर्हि लोकापवादः। अथवा बालं मे पुत्रं मुञ्जो राज्यलोभात् विषादिना मारयिष्यति, तदा दत्तमपि राज्यं वृथा, पुत्रहानिर्वंशोच्छेदश्च ॥ १ ॥

अरसिकाय मतिं छलेन या, गमयितुं रसिका सरस्वती।
कुलमपास्य कलामदर्शयद्-, भवतु सा वरदा वरदा सताम् ॥

इह खलु सकललोकशिक्षागुरुस्तत्रभवान् ब्रह्मचन्द्रकुलशिरोमणिर्विद्वान् सम्राड् वल्लालसेनः शिक्षार्थं महाकवीनां कालिदासादीनामन्येषाञ्च भोजभूपतेर्विक्रमादित्यस्य सभासदां परिचितानाञ्च विदुषामुच्चावचकथाः कथाच्छलेन कतिचित् सङ्कलय्य भोजनिबन्धनामकमेकं ग्रन्थं विरचयामास। तस्येदमादिमं प्रतीकम्—"आदौ" इति। आदौ धाराराज्यप्रतिष्ठायाः प्राक्। प्रथमत एवायं राजपदवीमारूढ इति। राजलक्ष्मीभारधारणसमर्थं राज्यभारधारणे शक्तिसम्पन्नम् ॥ १ ॥

প্রথমতঃ ধারানামক রাজ্যে সিন্ধুল-নামে এক রাজা বহুকাল ধরিয়া প্রজা

"লোভঃ প্রতিষ্ঠা পাপস্য প্রসূতির্লোভ এব চ।
দ্বেষক্রোধাদিজনকো লোভঃ পাপস্য কারণম্" ॥ ২ ॥
"লোভাৎ ক্রোধঃ প্রভবতি, ক্রোধাদ্ দ্রোহঃ প্রবর্ত্ততে।
দ্রোহেণ নরকং যাতি শাস্ত্রজ্ঞোঽপি বিচক্ষণঃ ॥
মাতরং পিতরং পুত্রং ভ্রাতরং বা সুহৃত্তমম্।
লোভাবিষ্টো নরো হন্তি স্বামিনং বা সহোদরম্ ॥" ইতি

বিচার্য্য রাজ্যং মুঞ্জায় দত্ত্বা তদুৎসঙ্গে ভোজমাত্মজং মুমোচ। ততঃ ক্রমাদ্রাজনি দিবঙ্গতে সম্প্রাপ্তরাজ্যসম্পত্তিঃ মুঞ্জো মুখ্যামাত্যং বুদ্ধিসাগরনামানং ব্যাপারমুদ্রয়া দূরীকৃত্য, তৎপদে অন্যং

পালন করিয়াছিলেন। তাঁহার বার্দ্ধক্যাবস্থায় 'ভোজ' এই নামে একটি পুত্র জন্মিয়াছিল। সে যখন পাঁচ বৎসরের, তখন তাহার পিতা নিজের বার্দ্ধক্যাবস্থা জানিয়া প্রধান প্রধান মন্ত্রিসকলকে আহ্বান করিয়া, কনিষ্ঠভ্রাতা মুঞ্জকে মহাবলশালী দেখিয়া এবং পুত্রকে বালক দেখিয়া বিচার করিয়াছিলেন, যদি আমি রাজলক্ষ্মীর ভারবহনে সমর্থ সহোদর ভ্রাতাকে রাজ্যাধিকার হইতে বঞ্চিত করিয়া রাজ্য পুত্রকে প্রদান করি, তাহা হইলে লোকে অপবাদ করিবে, অথবা মুঞ্জই রাজ্যলোভে বিষাদি দ্বারা আমার বালক পুত্রকে মারিয়া ফেলিবে। তাহা হইলে পুত্রকে রাজ্যদান করা ব্যর্থ হইবে, পুত্রের অপঘাত ও বংশের উচ্ছেদ হইবে ॥ ১ ॥

লোভঃ বিষয়সৌন্দর্য্যাদিন্দ্রিয়াণাং লৌল্যম্। প্রতিষ্ঠা আশ্রয়স্থানম্। বিচক্ষণঃ দর্শিতকারী—শাস্ত্রেষু ন্যায়াদিনা বা যদ্দৃশ্যতে, তদেব করোতি ॥ ২ ॥

দেখা যায়,—

'পাপের আশ্রয়স্থান লোভ; লোভই পাপের প্রসূতি (জননী); দ্বেষ ও ক্রোধাদির উৎপাদক লোভই পাপের কারণ' ॥ ২ ॥

সম্প্রাপ্তরাজ্যসম্পত্তিঃ সম্প্রাপ্তা লব্ধা রাজ্যং লক্ষগ্রামাধিপত্যং "লক্ষাধিপত্যং রাজ্যং

नियोजयामास। ततो गुरुभ्य: क्षितिपालपुत्रो वाचयति। तत: क्रमेण सभायां ज्योतिःशास्त्रपारङ्गत: सकलविद्याचातुर्य्यवान् ब्राह्मण: समागम्य, "राज्ञे स्वस्ति" इत्युक्त्वा उपविष्ट:। स चाह, "देव! लोकोऽयं मां सर्वज्ञं वक्ति ; तत् किमपि पृच्छ॥ २॥

स्यात् साम्राज्यं दशलक्षकी। अत ऊर्द्ध्वं महीशानि महासाम्राज्यमुच्यते।" इति स्मृते:, सम्पत्ति: राजलक्ष्मीश्च येन, स तथा लब्धाधिपत्यराजश्री:। व्यापारमुद्रया व्यापारस्य कर्म्मणो मुद्रा प्रत्ययकरणं, तथा, तत्कृतकर्म्मणो दोषप्रत्यायनेन अनुष्ठानच्छलेन कौशलेनेति यावत्। गुरुभ्य: शिक्षकेभ्य:, क्षितिपालपुत्रो राजकुमारो भोज:, वाचयति शिक्षते स्म। सर्वविद्याचातुर्य्यवान्—सर्वासु विद्यासु चातुर्य्यं कुशलता अस्ति यस्य, स तथा सकलविद्याविशारद:। २॥

‘লোভ হইতে ক্রোধ জন্মায়; ক্রোধ হইতে দ্রোহ (পরের অনিষ্টাচরণ) প্রবর্ত্তিত হয়। পরের অনিষ্ট করিয়াই শাস্ত্রজ্ঞানসম্পন্ন বিচক্ষণ লোকও নরকে যাইয়া থাকে।

মানব লোভের আবেশে অভিভূত হইয়া মাতা, পিতা, পুত্র, ভ্রাতা, সর্ব্বশ্রেষ্ঠ বন্ধু, সহোদর, এমন কি স্ত্রীও স্বামিকে হত্যা করিয়া থাকে।’

এইরূপ বিচার করিয়া মুঞ্জকে রাজ্য দান করিয়া, তাঁহার ক্রোড়ে পুত্র ভোজকে (ফেলিয়া) তুলিয়া দিয়াছিলেন। তারপর কালক্রমে রাজা সিন্ধুল স্বর্গে গমন করিলে, মুঞ্জ রাজ্যসম্পত্তি পাইয়া বুদ্ধিসাগরনামক প্রধান মন্ত্রীকে কার্য্যচ্ছলে দূর করিয়া, অন্যকে সেই পদে নিয়োগ করিয়াছিলেন। তারপর গুরুদিগের নিকট রাজপুত্র শিক্ষালাভ করিতে লাগিলেন। কিছুদিন এইরূপে চলিতে লাগিল; ক্রমে রাজসভায় জ্যোতিঃশাস্ত্রের পারদর্শী সকলবিদ্যায় চতুর এক ব্রাহ্মণ আগমন করিয়া রাজার উদ্দেশে "স্বস্তি" এই আশীর্ব্বাদ বাক্য পাঠ করিয়া উপবেশন

"कण्ठस्था या भवेद्विद्या सा प्रकाश्या बुधस्य तु।
या गुरौ पुस्तके विद्या तया मूढ़ः प्रतार्य्यते॥" इति॥४॥

ततो राजापि विप्रस्याहम्भावमुद्रया चमत्कृतां तद्वार्त्तां श्रुत्वा "अस्माकं जन्मारभ्य एतत्क्षणपर्य्यन्तं यद्यन्मयाचरितं यद्-यत्कृतं, तत्तत् सर्वं वदसि यदि, भवान् सर्वज्ञ एव" इत्युवाच। ततो ब्राह्मणोऽपि राज्ञा यद् यत् कृतं, तत्तत् सर्वं गूढ़व्यापार-मपि उवाच। ततो राजापि सर्वाण्यपि अभिज्ञानानि ज्ञात्वा तुतोष॥ ५॥

করিলেন। তিনি বলিলেন,—এই সকল লোক আমাকে সর্ব্বজ্ঞ বলে। সেইজন্য বলি, কিছু প্রশ্ন করুন॥ ৩॥

या विद्या यज्ज्ञानं बुधस्य पण्डितस्य कण्ठस्था अत्यन्तमभ्यस्ता, सा तु सैव प्रकाश्या लोके आविष्करणीया। या यस्य पुनर्गुरौ पुस्तके वा विद्या तिष्ठति, तया विद्यया स मूढ़ो मूर्खो जनः प्रतार्य्यते प्रवञ्च्यते वञ्चितो भवतीति अस्ति मे सार्वज्ञ्यमिति वदामीति भावः॥ ४॥

কারণ,—

যে বিদ্যা কণ্ঠে অবস্থান করে, তাহা প্রকাশ করাই বুদ্ধিমানের উচিত। আর যে বিদ্যা গুরুর নিকট, বা পুস্তকে থাকে, তদ্দ্বারা মূঢ়ব্যক্তি প্রতারিত হয়॥৪॥

अहम्भावमुद्रया 'अहं सर्वज्ञः' इत्येवमहङ्कारप्रकाशिन्याः कथायाः प्रत्यायनेन चमत्कृतां विस्मयविषयीभूतां तद्वार्त्तां सर्वज्ञब्राह्मणवृत्तान्तं श्रुत्वाऽन्येभ्यः सभासद्भ्य इति शेषः। अभिज्ञानानि अभिज्ञाकारणानि—'एवमेतत्, यत इदमभूत्' इत्येवं पूर्व्वानुभूत-विषयकज्ञानस्य कारणानि तत्तच्चिह्नादीनि॥ ५॥

ব্রাহ্মণের এই কথা শুনিয়া, তারপর রাজা ব্রাহ্মণের অহঙ্কারের ছলনায় চমৎকার-

पुनश्च पञ्च षट् पदानि गत्वा पादयोः पतित्वा, इन्द्रनील-पुष्परागमरकतवैदूर्य्यखचितसिंहासने उपविश्य, राजा प्राह—

"मातेव रक्षति पितेव हिते नियुङ्क्ते,
कान्तेव चाभिरमयत्यपनीय खेदम्।
कीर्त्तिञ्च दिक्षु विमलां वितनोति लक्ष्मीं,
किं किं न साधयति कल्पलतेव विद्या॥" इति॥ ६॥

কারী সেই সংবাদ শুনিয়া 'আমার জন্ম আরম্ভ করিয়া এইক্ষণ পর্য্যন্ত যাহা যাহা আমি ভাগ্যফলে অনুষ্ঠান করিয়াছি, এবং যাহা যাহা আমি পুরুষকারপ্রভাবে করিয়াছি, যদি সে সকলই বলেন, তবে আপনি সর্ব্বজ্ঞ বলিয়াই বিবেচিত হইবেন' এই কথা বলিয়াছিলেন। তারপর রাজা যাহা যাহা করিয়াছেন, সেই সেই সকল অতি রহস্য ব্যাপারও বলিয়াছিলেন। তারপর রাজাও 'তাহা এই' এইরূপ জ্ঞান জন্মিবার চিহ্নসকল জানিতে পারিয়া তুষ্ট হইয়াছিলেন। ৫॥

বিদ্যা মাতা ইব (উন্মার্গগামিনং সুতম্) রক্ষতি ; পিতা ইব হিতে (হিতকরে কর্ম্মণি) নিযুঙ্ক্তে ; খেদং অপনীয় কান্তা প্রিয়া ইব অভিরময়তি আহ্লাদয়তি ; দিক্ষু বিমলাং কীর্ত্তিং লক্ষ্মীঞ্চ রাজলক্ষ্মীঞ্চ বিতনোতি বিস্তারয়তি ; (তস্মাৎ) কল্পলতা ইব কিং কিং ন সাধয়তি ? অপি তু সর্ব্বমেব বিদ্যা সাধয়তি॥ ৬॥

আবারও পাঁচ ছয় পা গিয়া, দুই পায়ে পড়িয়া, ইন্দ্রনীল, পুষ্পরাগ, মরকত ও বৈদূর্য্যমণিখচিত সিংহাসনে উপবেশন করিয়া রাজা মুঞ্জ বলিয়াছিলেন ;—

বিদ্যা, মাতার ন্যায় (উন্মার্গগামী পুত্রকে) রক্ষা করে ; পিতার ন্যায় হিতকর কর্ম্মে নিযুক্ত করে ; কমনীয়া কামিনীর ন্যায় সকল প্রকার ক্লেশের অপনোদন করিয়া প্রীত (ও অনুরক্ত) করে ; চারিদিকে বিমল কীর্ত্তি ও রাজলক্ষ্মীর বিস্তার করে। অতএব কল্পলতার ন্যায় কি কি না সাধিত করে ? সকলই ত করে॥ ৬॥

ততো বিপ্রবরায় দশাশ্বানারবীয়ান্ দদৌ। ততঃ সভায়ামাসীনো বুদ্ধিসাগরঃ প্রাহ রাজানম্, "দেব! ভোজস্য জন্মপত্রিকাং ব্রাহ্মণং পৃচ্ছ" ইতি। ততো মুঞ্জঃ প্রাহ, "ভোজস্য জন্মপত্রিকাং বিধেহি" ইতি। ততোঽসৌ ব্রাহ্মণ উবাচ, "অধ্যয়নশালায়া ভোজ আনেতব্য" ইতি। মুঞ্জোঽপি ততঃ কৌতুকাদধ্যয়নশালা-মলঙ্কুর্বাণং ভটৈরানায়য়ামাস। ততো ভোজঃ সাক্ষাৎপিতরমিব রাজানম্ আনম্য সবিনয়ং তস্থৌ। ততস্তদ্রূপলাবণ্যমোহিতে রাজকুমারমণ্ডলে প্রভূতসৌভাগ্যং মহীমণ্ডলমাগতং মহেন্দ্র-মিব, সাকারং মন্মথমিব, মূর্ত্তিমৎসৌভাগ্যমিব ভোজং নিরূপ্য রাজানং প্রাহ দৈবজ্ঞঃ, "রাজন্! ভোজস্য ভাগ্যোদয়ং বক্তুং বিরিঞ্চি-

---

তারপর আরবদেশীয় দশটি অশ্ব সেই ব্রাহ্মণশ্রেষ্ঠকে দিয়াছিলেন। তারপর সভাতে উপবিষ্ট হইয়া বুদ্ধিসাগর রাজাকে বলিয়াছিলেন,—দেব! ভোজের জন্ম-পত্রিকার বিষয় ব্রাহ্মণকে প্রশ্ন করুন। তারপর মুঞ্জ বলিয়াছিলেন,—ভোজের জন্মপত্রিকা করুন। তাহা শুনিয়া সেই ব্রাহ্মণ বলিয়াছিলেন;—পাঠশালা হইতে ভোজকে আনয়ন করুন। তদনুসারে মুঞ্জও কৌতূকবশতঃ' পাঠশালাকে অলঙ্কৃত করিয়া অবস্থিত ভোজকে বহু যোদ্ধাদ্বারা আনয়ন করিয়াছিলেন। ভোজ আগমন করিয়া সাক্ষাৎ পিতার ন্যায় রাজা মুঞ্জকে বিনয়পূর্ব্বক প্রণাম করিয়া অবস্থান করিয়াছিলেন।

তারপর ভোজের রূপলাবণ্যদ্বারা মোহিত রাজকুমারসকলের মধ্যে অবস্থিত ভোজকে, প্রচুরতর সৌভাগ্যশালী দেবরাজ ইন্দ্রই যেন ভূতলে আসিয়াছেন, অঙ্গহীন মন্মথ যেন আকারপরিগ্রহ করিয়া উপস্থিত হইয়াছেন, মূর্ত্তিমান্ সৌভাগ্য যেন আসিয়া উপস্থিত মনে মনে নিরূপণ করিয়া দৈবজ্ঞ রাজাকে বলিয়াছিলেন 'রাজন্!

रपि नालम्, कोऽहमुदरम्भरिः ब्राह्मणः? किन्तु तथापि वदामि स्वमत्यनुसारेण। भोजमितोऽध्ययनशालायां प्रेषय"। ततो राजाज्ञया भोजे ह्यध्ययनशालाङ्गते विप्रः प्राह,—

"पञ्चाशत् पञ्च वर्षाणि सप्तमासदिनत्रयम्।
भोजराजेन भोक्तव्यः सगौड़ो दक्षिणापथः॥" इति।

तत्तदाकर्ण्य राजा चातुर्य्यादपहसन्निव सुमुखोऽपि विच्छाय वदनोऽभूत्। ततो राजा ब्राह्मणं प्रेषयित्वा निशीथे शयनमासाद्य एकाकी सन् व्यचिन्तयत्, "यदि राज्यलक्ष्मीर्भोजकुमारं गमिष्यति, तदाऽहं जीवन्नपि मृतः॥ ৩॥

ভোজের ভোগদানে প্রবৃত্ত প্রাক্তনকর্ম্মসকলের উৎকর্ষ বলিতে বিধাতাও সমর্থ নহেন; এই পেটুক ব্রাহ্মণ ত কোথাকার কে? কিন্তু তথাপি আমার জ্ঞানানুসারে আমি বলি। ভোজকে এখান হইতে পাঠশালায় প্রেরিত করুন। তারপর রাজার আজ্ঞায় ভোজ পাঠশালায় গমন করিলে, ব্রাহ্মণ বলিয়াছিলেন;—

পঞ্চাশ, আর পাঁচ বৎসর, আর সাত মাস তিন দিন পর্য্যন্ত ভোজরাজ গৌড়-দেশের সহিত সমগ্র দক্ষিণাপথপ্রদেশ ভোগ করিবেন।

সেই সেই কথা আকর্ণন করিয়া (শুনিয়া) রাজা মুঞ্জ চতুরতাপ্রযুক্ত প্রসন্নাস্য থাকিলেও প্রভাহীনমুখে লক্ষিত হইয়াছিলেন। তারপর রাজা মুঞ্জ ব্রাহ্মণকে পাঠাইয়া দিয়া নিশীথকালে (গভীর রাত্রে) শয্যা অবলম্বন করিয়া, একাকী হইয়া বিশেষভাবে চিন্তা করিয়াছিলেন,—যদি রাজ্যশ্রী (লক্ষ্মীমের আধিপত্য) কুমার ভোজকে প্রাপ্ত হয়, তবে আমি ত জীবিত থাকিয়াও মরিয়া গিয়াছি॥ ৭॥

यत:—

"तानीन्द्रियाण्यविकलानि तदेव नाम,
सा बुद्धिरप्रतिहता वचनं तदेव।
अर्थोष्मणा विरहित: पुरुष: क्षणेन,
सोऽप्यन्य एव भवतीति विचित्रमेतत्" ॥ ८ ॥

किञ्च,—

"शरीरनिरपेक्षस्य दक्षस्य व्यवसायिन:।
बुद्धिप्रारब्धकार्य्यस्य नास्ति किञ्चन दुष्करम्" ॥ ९ ॥

अविकलानि (यथापूर्वमवस्थितानि स्वस्थानीति यावत्) तानि (चक्षुरादीनि) इन्द्रियाण्येव (सन्ति); नाम तदेव (अस्ति); अप्रतिहता (प्रतिघातरहिता—सदसद्व्यवधयुक्ता) सा एव बुद्धि: (अस्ति); तदेव वचनं (वाक्यमस्ति); सोऽपि (स एव) पुरुष: (अस्ति; किन्तु) अर्थोष्मणा (धनजेन उत्तापेन) विरहित: (अहीन: सन्, युक्त: सन् इति यावत्) क्षणेन (क्षणात्, क्षणमात्रं कालं व्याप्य) अन्य एव (पृथगेव) भवति, इति एतत् (एवं व्यापार:) विचित्रं (विशेषेण आश्चर्य्यजनकं विस्मयकरमित्यर्थ:)। उक्तं हि—"उष्मा हि वित्तजो वृद्धिं, तेजो नयति देहिनाम्।" इति ॥ ८ ॥

চক্ষুরাদি ইন্দ্রিয়সকল অবিকল তাহাই থাকে; নাম তাহাই থাকে; সেই অকুণ্ঠ বুদ্ধিই থাকে; সেই কথা থাকে; পুরুষও সেই থাকে; কিন্তু ধনজনিত উত্তাপ দ্বারা সমন্বিত হইয়া ক্ষণকাল মধ্যেই সে পুরুষ অন্যরূপ হইয়া যায়, এ ব্যাপার বড়ই আশ্চর্য্যজনক ॥ ৮ ॥

शरीरनिरपेक्षस्य (निर् नास्ति अपेक्षा यस्य, स निरपेक्ष: स्वाधीन उदासीनो वा, शरीरे निरपेक्ष: शरीरनिरपेक्ष:, देहेनाप्यपराधीन:, आत्मनो जीवनेऽप्युदासीनो वा, "शरीरनिरपेक्षेण तपसा" इत्यादिवत् शरीरापेक्षारहितस्य इत्यर्थ:) दक्षस्य (निपुणस्य,

"असूयया हतैर्नैव पूर्वोपायोद्यमैरपि ।
कर्त्तृणां गृह्यते सम्पत्सुहृद्भिर्मन्त्रिभिस्तथा" ॥ १० ॥

समर्थस्य, सर्व्वकर्म्मपटीयसः) व्यवसायिनः (उद्योगिनः, अनुष्ठानकारिणः, संसार-हट्टे वाणिज्यकारिणः) बुद्धिप्रारब्धकार्य्यस्य (बुद्ध्या प्रारब्धं — बुद्धिप्रारब्ध, बुद्धिप्रारब्धं कार्य्यं यस्य, स तथा, तस्य — बुद्धिपूर्व्वक सम्यक्कारणसमवधानेन कार्य्यस्यानुष्ठातुः, यो हि बुद्ध्या पर्य्यालोच्य कारणान्यनुकूलयित्वा कार्य्यं करोति, बुद्धिपूर्वकानुष्ठान-कारिणः तस्य पुंसः) दुष्करं (दुःखसाध्यं) किञ्चन (अनिर्द्दिष्टं कर्म्म) नास्ति (न भवतीत्यर्थः) ॥ ९ ॥

কেবল তাহাই নহে ;—

যে শরীরের কিছুমাত্র অপেক্ষা রাখে না, সকল কর্ম্ম করিতেই পটু, উদ্যোগ-শালী, এবং বুদ্ধিপূর্ব্বক সমস্ত কর্ম্মের আরম্ভ করে, তাহার কিছুই দুষ্কর নাই ॥ ৯ ॥

पूर्व्वोपायोद्यमैः (पूर्व्वं प्रथमा उपायाः साधनानि येषां, ते पूर्व्वोपायाः प्राथमिक-साधनसम्पन्नाः, पूर्व्वोपाया उद्यमाः चेष्टा येषां, ते पूर्व्वोपायोद्यमाः प्राथमिकसाधन-विषयकचेष्टावन्तः. कर्त्तव्यस्य, यान्युत्तममध्यमाधमसाधनानि, तेषां यान्युत्तमानि प्राथमिकानि च साधनानि, तद्विषयिणीं चेष्टामेव ये कुर्वन्ति ; नतु हतं खल्वाद्योपाय-हीनेन मयेतिवादिनो मध्यमोपायवन्तस्तथा अधमोपायवन्तश्च ; अनुतप्यन्ते हि ते इति ; अतएव) असूयया नैव हतैः (गुणेषु दोषाविष्क्रियया—निन्दया नैव हतैः स्वार्थे ऽव्या-हतैः—स्वार्थव्याघातहीनैः—गुणेषु दोषमाविष्कुर्वन्नपि येषां स्वार्थं नैव व्याहन्तुं पारयति, तैरुद्रिक्तक्रोधैः) सुहृद्भिः (सहायभूतैः सखिभिः, साहाय्यकारिभिः सदाऽनु-मतैः पुंभिः) तथा मन्त्रिभिः (सचिवैश्च) कर्त्तृणां (प्रभूनां, अध्यक्षाणां) सम्पदपि (किं जीवनं, धर्म्मोऽर्थः कामश्च त्रिवर्गसम्पदपि) गृह्यते (नीयते, स्वीक्रियते, तान् वञ्चयित्वा आत्मसात् क्रियते इत्यर्थः ॥ १० ॥

যাহারা পূর্ব্বেই উত্তম পথ অবলম্বন করিয়াছে বলিয়া গুণে দোষ দেখাইলেও স্বার্থে ব্যাঘাতপ্রাপ্ত হয় নাই ; কিন্তু ভয়ানক ক্রুদ্ধ হইয়া রহিয়াছে, ; সেরূপ

तत्रोद्यमे किं दुःसाध्यम्।

"अतिदाक्षिण्ययुक्तानां शङ्कितानां पदे पदे।
परापवादभीरूणां दूरतो यान्ति सम्पदः" ॥ ११ ॥

किञ्च,—

"आदानस्य प्रदानस्य कर्त्तव्यस्य च कर्मणः।
क्षिप्रमक्रियमाणस्य कालः पिबति सम्पदः" ॥ १२ ॥

साहाय्यकारी पुरुष, এবং মন্ত্রিগণকর্ত্তৃক সেই প্রভুর ধর্ম্ম, অর্থ, এবং কামরূপ সকল সম্পদও অপহৃত হয়। ১০ ॥

तथाभूते सत्युद्यमे किं दुःसाध्यं भवति? अपितु सर्वमेव सुकरं भवति। तथाहि,—

अतिदाक्षिण्ययुक्तानां (दाक्षिण्यं दक्षता, सामर्थ्यं, अतिशयं यद् दाक्षिण्यं, तेन युक्तानां, दक्षतमानां, समर्थतमानामपि) पदे पदे (प्रतिपदं, प्रतिकार्यं) शङ्कितानां (जातशङ्कानां, शत्रोर्भयं पुरः स्थाप्य सर्वं कर्म्म कुर्वतामपि) परापवादभीरूणां (परेषां शत्रूनामपि अपवादं अपवादाद्वा भीरूणां भयशीलानां, ये च शत्रुवृद्धिभयात् तेषां नामापि न कुर्व्वन्ति, अपवादभयाद्वा अर्थकरं कर्म्म नानुतिष्ठन्ति, तथाविधानां प्रभूणां तादृशस्य शत्रोत्साहस्य सत्युद्यमे) सम्पदो दूरतो यान्ति (दूरं गच्छन्ति, नश्यन्तीत्यर्थः) ॥ ११ ॥

সেরূপ উদ্যম থাকিলে আর তার দুঃসাধ্য কি? কিছুই নহে। তাহার সকলই সুকর হয়। দেখাও যায় সেইরূপ,—প্রতিপদে শঙ্কিত, এবং লোকের অপবাদে ভয়প্রাপ্ত, অত্যন্ত ক্ষমতাবান্ ব্যক্তিদিগেরও সম্পদ্ দূর হইয়া যায়। ১১ ॥

आदानस्य (ग्रहीतव्यपदार्थानां ग्रहणस्य) प्रदानस्य (प्रदेयपदार्थानां पात्रसात्करणस्य) कर्त्तव्यस्य कर्म्मणश्च (यदवश्यंकरणीयं कर्म्म, तस्य नियतस्य कर्म्मणश्च) क्षिप्रं (शीघ्रं यथा स्यात् तथा) अक्रियमाणस्य (अननुष्ठीयमानस्य, अनुष्ठानसम्पर्क-

"अवमानं पुरस्कृत्य मानं कृत्वा च पृष्ठतः।
स्वार्थं समुद्धरेत्प्राज्ञः स्वार्थभ्रंशो हि मूर्खता" ॥ १३ ॥
"न स्वल्पस्य कृते भूरि नाशयेन्मतिमान् नरः।
एतदेवातिपाण्डित्यं यत् स्वल्पात् भूरिरक्षणम्" ॥ १४ ॥

शून्यस्य) सम्पदः (फलानि) कालः पिबति (अक्लेशेन जलवत् खादति)। न च तस्य तस्य विलम्बे फलं भवतीति। अतएव लौकिकानामाभाणकः—"शुभस्य शीघ्रमि"ति। ॥१२॥

কেবল তাহাই নহে,—

গ্রহণ, দান ও যে কর্ম্ম অবশ্যকরণীয়, তাহা শীঘ্র না করিলে, কাল তাহা (জলের ন্যায়) খাইয়া ফেলে ॥ ১২ ॥

प्राज्ञः (प्रज्ञावान् जनः) अवमानं (मानश्चित्तसमुन्नतिः, अवमानश्चित्तस्यावनतिरवज्ञा, तं चित्तावनतिम् अवज्ञाम् अनादरम्) पुरस्कृत्य (सम्मुखं कृत्वा, पुरस्कारविषयीभूतं विधाय) मानञ्च (चित्तसमुन्नतिं आदरं च) पृष्ठतः (पश्चात्) कृत्वा (स्थापयित्वा) स्वार्थं (स्वप्रयोजनं, पुरुषार्थं, धर्म्ममर्थं कामञ्च सुखं सुखसाधनं सर्वं समुद्धरेत् (सम्यगुत्तोलयेत्, सम्पादयेत्, साधयेत्) हि (यतः) स्वार्थभ्रंशो (नाम) मूर्खता (स्वार्थहानिरेव मूर्खताया लक्षणम् भवतीति) ॥ १३ ॥

প্রজ্ঞাবান্ ব্যক্তি অবজ্ঞাকে সম্মুখে লইয়া, আদরকে পশ্চাদ্ভাগে রাখিয়া নিজের প্রয়োজনসিদ্ধি করিবে; যেহেতু স্বার্থহানিই মূর্খতার লক্ষণ ॥ ১৩ ॥

मतिमान् (मननशीलो) नरः स्वल्पस्य कृते (सुष्ठु अल्पस्य कणामात्रस्यार्थे) भूरि (प्रचुरं बहु) न नाशयेत् (न क्षपयेत, न हिंस्यात्) एतदेव अतिपाण्डित्यं (एषैव वेदोज्ज्वला बुद्धिः) यत् (यया बुद्ध्या) स्वल्पात् (स्वल्पं क्षपयित्वा) भूरिरक्षणम् (प्रचुरतररक्षा, बहुपालनं क्रियत इति) ॥ १४ ॥

মননশীল মানব অল্পের জন্য বিস্তর ক্ষতি করিবেন না। ইহাই অতিপাণ্ডিত্য যে, অল্পের ক্ষতি করিয়া বিস্তর রক্ষা করা হয়। ১৪।

"जातमात्रं न यः शत्रुं व्याधिं वा प्रशमं नयेत् ।
अतिपुष्टाङ्गयुक्तोऽपि स पश्चात्तेन हन्यते" ॥ १५ ॥
"प्रज्ञागुप्तशरीरस्य किं करिष्यन्ति संहताः ।
हस्तन्यस्तातपत्रस्य वारिधारा इवारयः" ॥ १६ ॥

यो जातमात्रं (साम्प्रतं जातः, न तु किमपि कर्त्तुं पारयति, अप्राप्तसमयत्वात्, स जातमात्रः केवलं जात एव, तम्) शत्रुं, व्याधिं वा पीड़ां वा प्रशमं न नयेत् (उपशमं, अवसादं न प्रापयेत्, नयतेर्द्विकर्म्मकत्वात् प्रशममिकं शत्रुमपरं कर्म्म) अतिपुष्टाङ्ग-युक्तोऽपि स (अतिपुष्टानि व्याघातप्रशमनेन प्रतिपालितानि मात्रातिशयितवृद्धियुक्तानि वा अङ्गानि शरीरावयवानि वा, उपायाः सामदानभेददण्डरूपा वा, हस्त्यश्वरथपदाति-रूपा वा, स्वाम्यमात्यसुहृत्कोषराष्ट्रदुर्गबलरूपाः [कर्म्मधारयः], तैर्युक्तः सम्बद्धः [३यातत्पुरुषः] सुदृढोपायोऽपि) पश्चात् (तस्य यौवने काले) तेन (शत्रुणा, व्याधिना वा) हन्यते (विनश्यति गुणतोऽवयवतोऽपिवा स्वरूपत एव क्षीयते) 'रोगञ्च प्रशमं नयेत्' इति क्वचित् पाठः । तस्मात् शत्रुर्व्याधिर्वा जातमात्र एव समूलघातं हन्तव्य इति भावः ॥ १५ ॥

জন্মিবামাত্র শত্রু বা ব্যাধির যে অবসাদ না ঘটায়, সে যতই উপযুক্ত উপায়শালী হউক না কেন, পরে তদ্দ্বারা বিনষ্ট হইয়া থাকে ॥ ১৫ ॥

प्रज्ञागुप्तशरीरस्य (प्रज्ञया मनीषया गुप्तं रचितं विहितोपायं [३यातत्पुरुषः] तत् प्रज्ञागुप्तं शरीरं यस्य, स तथा, तस्य—बुद्धिपूर्ब्बकं हि यो विदधात्युपायं, सतर्कस्य सावधानस्य पुंसः) हस्तन्यस्तातपत्रस्य (हस्ते न्यस्तम् अर्पितं गृहीतं [७मीतत्पुरुषः] तत् हस्तन्यस्तं करगृहीतम् आतपत्रं छत्रं यस्य, स तथा, तस्य हस्तधृतच्छत्रस्य पुंसः) वारिधारा इव (यथा वृष्टेर्जलधाराः) संहताः (परस्परं मिलिताः सन्तः) अरयः (शत्रवः) किं करिष्यन्ति ? (अपि तु नैव किमपि कर्त्तुं पारयिष्यन्ति) ॥ १६ ॥

বুদ্ধিপূর্ব্বক উপায় অবলম্বন করিয়া যে আত্মরক্ষা করে, হস্তে ধৃতচ্ছত্র পুরুষের

"अफलानि दुरन्तानि समव्ययफलानि च।
अशक्यानि च वस्तूनि नारभेत विचक्षणः" ॥ १७ ॥

ततश्चैवं विचिन्तयन्नभुक्त एव दिनस्य तृतीये यामे एक एव मन्त्रयित्वा वङ्गदेशाधीश्वरेण महाबलस्य वत्सराजस्य आकारणाय स्वमङ्गरक्षकं प्राहिणोत्। स चाङ्गरक्षको वत्सराजमुपेत्य प्राह, "राजा त्वामाकारयति" इति। ततः स रथमारुह्य परिवारेण परिवृतः समागतो रथादवतीर्य्य राजानमवलोक्य प्रणिपत्योपविष्टः। राजा च सौधं निर्जनं विधाय वत्सराजं प्राह ॥ १८ ॥

পক্ষে বৃষ্টির অবিরল জলধারার ন্যায় শত্রুগণ পরস্পর মিলিত হইয়াও কি করিবে? কিছুই করিতে পারে না। ১৬।

विचक्षणः (निपुणः कुशलो जनः) अफलानि (निष्फलानि अप्रयोजनीयफलानि) दुरन्तानि (दुष्टावसानानि, परिणामे क्लेशकराणि, दुरतिक्रमणीयानि वा) समव्ययफलानि (तुल्यचतिफलकानि क्षतिरेव फलं, तच्च तुल्यं येषां, तथाविधानि) अशक्यानि (असम्भवानि, कष्टसम्पादनीयानि) वस्तूनि च (सत्यान्यपि कर्म्माणि) नारभेत (न प्रकुर्य्यात्)। १७।

যে কর্ম্মের ফলে কোনই প্রয়োজন নাই, এবং পরিণামে ভয়ঙ্কর ক্লেশও আছে, বা যাহা পরিত্যাগ করিতে হইলে শেষে অনেক দুঃখ ভোগ করিতে হয়, অথচ ক্ষতি ভিন্ন অন্য ফল নাই, তাহাও উভয়েরই সমান, সেরূপ অসম্ভব কর্ম্ম সত্য হইলেও বিচক্ষণ ব্যক্তি তাহার আরম্ভ করিবে না। ১৭।

एवं विचिन्तयाऽतिवाहितायां रजन्यां सत्यां पुनरपि परैर्युरेवं विचिन्तयन्निति योजनीयम्। १८।

"राजा तुष्टो हि भृत्यानां मानमात्रं प्रयच्छति।
ते तु सम्मानितास्तस्य प्राणैरप्युपकुर्वते" ॥ १९ ॥

ततस्त्वया भोजो भुवनेश्वरीविपिने हन्तव्यः प्रथमयामे निशायाः, शिरस्तान्ते मस्तत्पुरत आनेतव्यम्" इति। स चोत्थाय नृपं नत्वाह, "देवादेशः प्रमाणम्, तथापि भवल्लाल-

এইরূপ তর্কবিতর্কের সহিত চিন্তাদ্বারা রাত্রি অতিবাহিত হইলে পর, পুনরায় পরদিন এইরূপ তর্কবিতর্কের সহিত চিন্তা করিয়া অভুক্ত অবস্থাতেই দিনের তৃতীয় প্রহরে একাকীই মন্ত্রণা করিয়া মহাবলশালী বৎসরাজের আহ্বানের জন্য বঙ্গদেশাধীশ্বরের সহিত নিজের অঙ্গরক্ষককে (bodyguard) পাঠাইয়াছিলেন। সেই অঙ্গরক্ষক বৎসরাজের নিকট যাইয়া বলিয়াছিল—'রাজা আপনাকে আহ্বান করিতেছেন'। বৎসরাজ এই কথা শুনিয়া সপরিবারে রথে আরোহণ করিয়া সমাগত হইয়াছিলেন এবং রথ হইতে অবতরণ করিয়া রাজাকে দেখিয়া প্রণামপূর্ব্বক উপবেশন করিয়াছিলেন। রাজাও প্রাসাদকে (palace) জনশূন্য করিয়া বৎসরাজকে বলিয়াছিলেন ॥ ১৮ ॥

भृत्यानां हि (सेवकानामेव) तुष्टो राजा (सन्तुष्टः प्रभुः) मानमात्रं (केवलं सम्मानं, तदचरमयं वा पदोन्नतिमात्रं वा रूपवत्) प्रयच्छति (प्रददाति तेभ्यो भृत्येभ्यः) तु (किन्तु) ते (भृत्याः) सम्मानिताः (जातसम्मानाः प्राप्तसम्मानाः) प्राणैरपि (न केवलं कर्म्मभिः, जीवनैरपि करणैः) तस्य (राज्ञः प्रभोः) उपकुर्वते (उपकारं कुर्वन्ति) ॥ १९ ॥

রাজা তুষ্ট হইয়া ভৃত্যদিগকে সম্মানমাত্র প্রদান করেন; কিন্তু ভৃত্যেরা সম্মান প্রাপ্ত হইয়া প্রাণ দিয়াও রাজার উপকার করে ॥ ১৯ ॥

অতএব (আমি আশা করি) রাত্রের প্রথম প্রহরে ভূবনেশ্বরীর বনে তোমা-কর্ত্তৃক ভোজ হত হইবে, এবং পরে মস্তকটি আমার সম্মুখে আনিতে হইবে।

नात् किमपि वक्तुकामोऽस्मि, ततः सापराधमपि मे वचः क्षन्तव्यम् ॥ २० ॥

"भोजे द्रव्यं न सेना वा परिवारो बलान्वितः।
परम्पोत इवास्तेऽद्य स हन्तव्यः कथं प्रभो ?" ॥ २१ ॥
"पारम्पर्य्ये इवासक्तस्त्वत्पादे उदरम्भरिः।
तद्वधे कारणं नैव पश्यामि नृपपुङ्गव !" ॥ २२ ॥

বৎসরাজ উঠিয়া রাজাকে প্রণাম করিয়া বলিয়াছিলেন,—'রাজার আজ্ঞা বলবৎ তাহা হইলেও আপনি আমায় অতিশয় স্নেহ ও যত্নের সহিত পালন করিয়াছেন বলিয়া কিছু বলিতে ইচ্ছুক হইয়াছি। সেইজন্য আমার বাক্য অপরাধের সহিত বিদ্যমান হইলেও ক্ষমণীয়' ॥ ২০ ॥

भोजे (भोजसमीपे) द्रव्यं (मारकं भीषणं वस्तु) न (नास्ति), सेना वा (भयङ्करं सैन्यञ्चानुगतं नास्ति); बलान्वितः परिवारः (चतुरङ्गबलैः, षडङ्गबलैर्वा अन्वितः युक्तः परिवारः परिजनः पोष्यश्च प्रबलः सहायः कोऽपि नास्ति, यस्मात् भीतिर्भविष्यति); परं (केवलं) पोत इव (बालको यथा तिष्ठति अनाविष्कृतेन्द्रियः, तद्वत्) आस्ते (वर्त्तते); हे प्रभो! स कथं (किमर्थं) हन्तव्यः (घात्यः, विनिपातितव्यः स्यात्? अपि तु सर्व्वथा सहायहीनः शिशुर्न हन्तव्य एव) ॥ २१ ॥

ভোজের নিকট (কোন মারাত্মক) দ্রব্য নাই, (ভয়ের কারণ) সেনা (নাই), বলশালী পোষ্যও কেহ নাই; পরন্তু ভোজ নিজে বালকের মতই আছে। হে প্রভো! সে কেন হন্তব্য হইবে? ॥ ২১ ॥

पारम्पर्य्ये इव (परम्परया समागते आहारविहारनिद्रादौ इव) त्वत्पादे (तव चरणे) आसक्तः (अनुरागवान्, त्वच्चरणसेवापरायणः) उदरम्भरिः (स्वोदर-मात्रपूरणव्यग्रः, परोदरचिन्ताशून्यः, औदरिकः), आस्ते इति पूर्व्वेणान्वयः। हे नृपश्रेष्ठ! (अतः कारणात्) तद्वधे कारणं न पश्याम्येव। न चात्र 'परम्परा-

ततो राजा सर्वं प्रातः सभायां प्रवृत्तं वृत्तमकथयत् ॥ २३ ॥

स च श्रुत्वा हसन्नाह,—

"त्रैलोक्यनाथो रामोऽस्ति वसिष्ठो ब्रह्मपुत्रकः ।

तेन राज्याभिषेके तु मुहूर्त्तः कथितोऽभवत् ॥

मतविषये लोको यादृगनासक्तः, केवलं उदरमात्रपोषणे आसक्तः स्यात्, तादृशः सोऽपि केवलमात्मोदरपोषणरतस्त्वच्चरणसेवी वर्त्तत' इत्यर्थः, कुतो लभ्यते ह्यनासक्त इति विरुद्धोऽर्थः ? अशब्दो हि स इति ; आसक्तिस्त्वर्थः प्रतिभाति ॥ २२ ॥

দৈনিক আহার বিহার নিদ্রাদি যেমন অনুক্রমে করিতে হয় ; সেইরূপ আপনার চরণের উপরেও অনুক্রমে আসক্তিমান্ ; অধিকন্তু উদরম্ভরি স্বোদরমাত্রপোষণে রত, এরূপ যে, তাহার বধবিষয়ে কারণ কিছুই দেখি না ॥ ২২ ॥

ततो वत्सराजवाक्यश्रवणानन्तरं राजा मुञ्जः प्रातःकाले सभायां राजसभायां प्रवृत्तं प्रवृत्तिमत् सञ्जातं सर्वं वृत्तं सर्वज्ञब्राह्मणकृतभोजभविष्यन्मङ्गलकीर्त्तनरूपं संवादं कथयामास ॥ २३ ॥

বৎসরাজের কথা শ্রবণ করিয়া রাজা মুঞ্জ প্রাতঃকালে রাজসভায় সর্ব্বজ্ঞ-ব্রাহ্মণের সহিত ভোজের ভবিষ্যমঙ্গলবিষয়ে যে কথোপকথন হইয়াছিল, তাহা বলিয়াছিলেন ॥ ২৩ ॥

श्रवणहसनयोर्मध्ये व्यापारान्तरं वारयति हास्यकरताया आतिशय्यद्योतनाय 'श्रुत्वा हसन्' इति । यदैव श्रवणं, तदैव हसनं कुर्व्वन् ; न तु मनसि किञ्चिद्गूढ़-मभिसन्धाय इत्यर्थः ।

त्रैलोक्यनाथो विष्णुरेव रामो दशरथसुतोऽस्ति, इति सत्यमासीत् ; वसिष्ठो महर्षि-रपि ब्रह्मणः सृष्टिकर्त्तुर्मानसपुत्रोऽस्ति, इत्यपि ध्रुवमासीत् ; तेन तथाविधेन ब्रह्मपुत्रेण वसिष्ठमहर्षिणा, यो हि ज्योतिःसिद्धान्तं, धर्म्मसिद्धान्तं, ब्रह्मसिद्धान्तञ्च सर्व्वथाऽभ्रान्तं चकार, तथाविधेन तेन तथाविधस्य त्रैलोक्यनाथस्य रामस्य राज्याभिषेके राज्याभिषेक-

तन्मुहूर्त्तेन रामोऽपि वनं नीतोऽवनीं विना।
सीतापहारोऽप्यभवद्वैरिञ्चिवचनं वृथा॥
जातः कोऽयं नृपश्रेष्ठ! किञ्चिज्ज्ञ उदरम्भरिः।
यदुक्त्या मन्मथाकारं कुमारं हन्तुमिच्छसि"॥ २४॥

विषयकः=राज्ये लक्षग्रामाधिपत्ये योऽभिषेकः स्थापयितुं क्रियाविशेषस्तद्विषयकी मुहूर्त्तः शुभो लग्नः कथितः वाक्यप्रबन्धेन निर्द्दिष्टः 'अस्मिन् क्षणे एतावन्तो ग्रहा एवं सन्ति, तत्फलमेवं भविष्यती'ति कृतनिर्द्देशोऽभवत्; किन्तु तन्मुहूर्त्तेन वसिष्ठनिर्द्दिष्टेन तथाविधेन शुभेन राज्याभिषेकविषयकेन लग्नेन रामोऽपि, न केवलं रामानुयायी लक्ष्मणः, तथा रामैकप्राणा सीता, तथाविधस्त्रैलोक्यनाथो रामोऽपि अवनीं विना वनं राज्यव्यतिरिक्तं अरण्यं राज्यविपरीतं वनं नीतः, स मुहूर्त्तो रामं वनमनयत्, नयते-र्द्विकर्म्मकत्वात्, तेन मुहूर्त्तेन रामो वनं नीतः, मुख्यं कर्म्म द्विकर्म्मणामुक्तं भवतीति रामे उक्ते कर्म्मणि प्रथमा। न केवलं राज्यलाभो नाभवत्, नापि केवलं वनगमनम-जायत, सीतापहारोऽपि अभवत्—सीताया अपहारश्चौर्य्यं तथैव राज्यप्राप्तिविपरीतं फलमजायत। तथा च वैरिञ्चिवचनं विरिञ्चितो यो जातः, स वैरिञ्चिर्ब्रह्मणः पुत्रो वसिष्ठस्तस्य वचनं 'अस्मिन् शुभे क्षणे रामो राजा भविष्यती'ति भविष्यद्वाक्यं वृथा जातम्; किन्तु वक्तव्यमस्य वाक्यं वृथा भविष्यतीति भावः। तदाह आक्षेपभङ्ग्या,—जात इति। हे नृपश्रेष्ठ! त्वं नृपाणां नरपालानां मध्ये श्रेष्ठः सर्वातिशायिगुणवत्त्वात्, तस्मात् त्वमेवं बोद्धुं पारयिष्यसीति कथयामि अयमुदरम्भरिः त्वदुक्तसर्वज्ञब्राह्मण औदरिकः स्वोदरमात्रपोषणव्यग्रः, स च व्यवसायीति प्रथमं वक्तव्यं, द्वितीयं किञ्चिज्ज्ञः किञ्चिदेव जानाति; नतु वसिष्ठवत् कृत्स्नसरहस्यसाङ्गवेदाध्यापक इति सर्वज्ञः, स को जातः भविष्यद्वक्ता, यदुक्त्या यस्य भविष्यद्वक्तुर्वाक्येन भोजाश्रितभविष्यद्वचनेन मन्मथाकारं कन्दर्पसमसुन्दरं कुमारं भोजं हन्तुमिच्छसि? अपि तु तद्वचनमपि वृथा भविष्यति। तस्माद् अकारणं सुतं हन्तुमनुचितमिति भावः॥ २४॥

किञ्च,—"किन्नु मे स्यादिदं कृत्वा किन्नु मे स्यादकुर्वतः।
इति सञ्चिन्त्य मनसा प्राज्ञः कुर्वीत वा न वा" ॥ २५ ॥
"उचितमनुचितं वा कुर्वता कार्य्यजातं,
परिणतिरवधार्य्या यत्नतः पण्डितेन।

বৎসরাজ তাহা শুনিয়াই হাসিয়া বলিয়াছিলেন,—রাম হইতেছেন ত্রিলোকীর নাথ বিষ্ণু, এবং বসিষ্ঠ হইতেছেন ব্রহ্মার পুত্র। রামের রাজ্যাভিষেকের জন্য শুভসময় সেই বসিষ্ঠই ত বলিয়াছিলেন; কিন্তু রাম সেই শুভসময়ে রাজ্য লাভের পরিবর্ত্তে ফল বনই পাইয়াছিলেন। সীতাহরণও হইয়াছিল। ব্রহ্মার পুত্রের কথাই ব্যর্থ হইয়াছিল। অতএব হে নৃপশ্রেষ্ঠ! সামান্য নিজের উদরপোষণে ব্যগ্র, অতি সামান্য জ্ঞানসম্পন্ন ইনি আবার কে হইলেন, যার কথায় মদনের ন্যায় পরমসুন্দর রাজকুমারকে হত্যা করিতে ইচ্ছা করিতেছেন? ॥ ২৪।

किञ्च न केवलमिदमेव, अन्यदपि पश्य;—प्राज्ञः प्रज्ञावान् पण्डितः इदं परिदृश्यमानं व्यवहारिकं कर्म्म—शुभमशुभं वा कृत्वा स्थितस्य मे मम—किं फलं नु इतिकं स्यात्, अकुर्वत इदमपि मे किं नु स्यात् इति सम्यक् चिन्तयित्वा कुर्वीत वा, न वा कुर्वीत? विषमन्तु सन्देहपदमपरिवर्त्तनीयं नैव कदाचित् कुर्व्वीतेति नीतिविदः ॥ २५ ॥

(সচরাচর যে সকল কর্ম্ম করা হয়, তাহার মধ্যে একটি কর্ম্ম নূতন করিয়া করিবার পূর্ব্বে) করিলে আমার কি ফল হইবে, এবং না করিলেই বা কি হইবে, মনে মনে তাহার পর্য্যালোচনা করিয়া কর্ত্তব্য হইলেও প্রজ্ঞাবান্ পণ্ডিতব্যক্তি তাহা করেন কি না সন্দেহ। (আর যাহা অত্যন্ত বিষম, যাহার ফলে ঘোরতর সন্দেহ আছে, এবং যাহার ফলের আর কখনই পরিবর্ত্তন সম্ভবপর নহে, তাহা ত কখনই করেন না।) ॥ ২৫ ।

यतः, अतिरभसकृतानां अत्यन्तं हठकारितया कृतानां कर्म्मणां आ विपत्तेः फलरूपेभ्यो विपत्तेः प्राक् हृदयदाही दुःखितादप आतङ्करूपी वा चित्तदहनशीलो मानस-

अतिरभसकृतानां कर्मणामा विपत्ते-
र्भवति हृदयदाही शल्यतुल्यो विपाकः" ॥ २६ ॥

किञ्च,—

"येन सहासितमशितं, हसितं कथितञ्च रहसि विस्रब्धम्।
तं प्रति कथमसतामपि, निवर्त्तते चित्तमा मरणात्" ॥२७॥

पीडाकारी विपाकः फलरूपः परिणामः शल्यतुल्यः सांढ़मशक्यः शल्यःस्यमस्तुल्यो भवति, येन च स्वप्नेऽपि घातकी राजपुरुषान् पाशहस्तानुपेतान् पश्यति, ततः उचितं वा, अनुचितं वा कार्य्यजातं कर्म्मसमूहं कुर्वता पण्डितेन यवतः आदरेण सर्व्वेव परिणतिः परिणामरूपं फलं अवधार्य्या अवधारयितुं योग्या, अवधारणीया इति विधिर्द्रष्टव्यः ॥ २६ ॥

যে হেতু হঠকারিতায় কর্ম্ম কৃত হইলে বিপদ্ আসিবার পূর্ব্বেই দুশ্চিন্তা, বা আতঙ্করূপ মানসপীড়াকারী ফল হৃদয়ে বিদ্ধ শল্যের ন্যায় অসহনীয় হইয়া উঠে, সেই হেতু উচিতই হউক, আর অনুচিতই হউক, কর্ম্মসকল যে পণ্ডিত করিবেন, তিনি তাহার পরিণাম (ফল) অগ্রে যত্নপূর্ব্বক নিশ্চয় করিবেন। ২৬॥

किञ्च न केवलमिदमेव, अपरमपि पश्य,—

येन सह रहसि निर्जने विश्रब्धं निःशङ्कं यथास्यात् तथा आसितं उपविष्टं, अशितं—भुक्तं, रहसि विश्रब्धं च तथा कथितं उक्तञ्च, तं प्रति तस्योपरि आ मरणात् मरणात् प्राक् यावन्मरणं असतामपि, किं सतां वक्तव्यम्? सन्निरानामपि चित्तं प्रेमवन्धनः कथं केन प्रकारेण निवर्त्तते आकर्षणहीनं व्यापारवर्ज्जितं स्यात्? अपितु असम्भवं चेतसो व्यापारवर्ज्जनम् ॥ २७ ॥

আরও দেখুন,—বিশ্বাসপূর্ব্বক যাহার সহিত নির্জ্জনে উপবেশন করা হইয়াছে, ভোজন করা হইয়াছে, হাস্যপরিহাস করা হইয়াছে, এবং কথোপকথন করা হইয়াছে, মরণ না হওয়া পর্য্যন্ত অসদ্ব্যক্তিদিগেরও চিত্ত তাহার উপর হইতে কি করিয়া নিবর্ত্তিত হয়? (এ ক্ষেত্রে চিত্তের আকর্ষণ না হইয়া পারেই না) ॥ ২৭॥

किञ्च,—अस्मिन् हते वृद्धस्य राज्ञः सिन्धुलस्य परमप्रीतिपात्राणि महावीरास्त्वैवानुगतौ स्थिताः ते त्वन्नगरमुल्लोलकल्लोलाः पयोधरा इव प्लावयिष्यन्ति। चिराद् बद्धमूलेऽपि त्वयि प्रायः पौरा भोजं भुवो भर्त्तारं भावयन्ति ॥ २८ ॥

किञ्च,—

"सत्यपि च सुकृतकर्मणि, दुर्नीतिश्चेत् श्रियं हरत्येव।
तैलैः सटोपयुक्तां, दीपशिखां विदलयति हि वातालिः" ॥२९॥

किञ्च न केवलमिदमेव, यदुक्तं, तस्य फलमपि पश्य,—

परमायाः प्रीतेः पात्राणि (पात्रशब्दोऽजहल्लिङ्गः) आश्रयभूताः महावीराः महान्तश्च वीरा वीर्य्यवन्तः सन्तस्तवानुगतौ स्थिता अनुगता राजत्वादनुगच्छन्ति; नतु प्रीत्या; तस्मात्ते महावीरा उल्लोलकल्लोलाः उल्लोला उद्गतचाञ्चल्याश्चपलाः कल्लोला अव्यक्तध्वनिकारिणो महातरङ्गा येषां, ते तथा, पयोधरा मेघा इव त्वन्नगरं प्लावयिष्यन्ति जलेनेव रुधिरेण मज्जयिष्यन्ति। चिराच्चिरं कालं व्याप्य त्वयि राज्ञि बद्धमूलेऽपि विहितपादेऽपि बद्धं विहितं मूलं पादं येन, यथाहि पादपो बद्धमूलो नोन्मूलनयोग्य एवं त्वयि उपायादिनाऽनुन्मूलनीयेऽपि सति प्रायः पौराः पुरवासिनः सर्वे प्रायेण भोजं कुमारं भुवो भर्त्तारं पृथिव्याः पतिं राजानमेव भावयन्ति चिन्तयन्ति, शीघ्रात् भावयिष्यन्ति भविष्यत्सामीप्ये लट्। तथाच तवोच्छेदो भोजस्य नाम्नैव राज्यं भविष्यतीतिभावः ॥ २८

কেবল তাহাই নহে;—ভোজ তোমাকর্ত্তৃক হত হইলে বৃদ্ধরাজা সিন্ধুলের অত্যন্ত প্রণয়পাত্র যে সকল মহাবীর এখন তোমার অনুগতিতে অবস্থান করিতেছে (অনুগত আছে), তাহারা অত্যন্তচঞ্চলতরঙ্গশালী জলধরনিকরবৎ শোণিতপ্রবাহে তোমার নগর প্লাবিত করিবে; কারণ, তুমি বহুকাল ধরিয়া উপায়াদি দ্বারা দৃঢ়পদ হইলেও পুরবাসীরা প্রায় সকলেই ভোজকে পৃথিবীর অধীশ্বর বলিয়া মনে করিয়া থাকে ॥ ২৮ ॥

देव ! पुत्रवधः क्वापि न हिताय” इत्युक्तं वत्सराजवचन-माकर्ण्य राजा कुपितः प्राह, “त्वमेव राज्याधिपतिः; न तु सेवकः ॥ ३० ॥

“स्वाम्युक्ते यो न यतते स भृत्यो भृत्यपाशकः।
तज्जीवनमपि व्यर्थमजागलकुचाविव” ॥ ३१ ॥

अस्ति मे पुण्यातिशयो, येनाहं राजा संवृत्त इत्यपि मैवं वोच इत्याह किञ्चेति। न केवलं नगरे शोणितप्लावनं, तव विनाशोऽप्यवश्यंभावी; यस्मात् सुकृतकर्म्मणि पुण्यकर्म्मणि सत्यपि दुर्नीतिश्चेत् दुष्टा दुःखकरी नीतिर्यदि कृता स्यात्, तर्हि सा दुर्नीतिः श्रियं सौभाग्यलक्ष्मीं, श्लेषात् जीवितत्वविज्ञापनं श्रीकारं एव हरति, तं दुर्नीतिमन्तं नाशयति विश्रीकं करोतीत्यर्थः। स्मर्य्यते च जीवतां नाम्नः श्रीपूर्वकत्वं स्मृतौ। तथाहि वातालिः वातानामालिः समूहः प्रबलो वायुः सदा तैलैः स्नेहैरुपयुक्तां उपयोग-सम्पन्नां कार्य्यदक्षां अनुकूलां इष्टसिद्धिसाधनव्यापारविशिष्टां दीपशिखां प्रदीपज्वालां विदलयति बलान्नाशयति। अर्थान्तरन्यासोऽलङ्कारः ॥ २९ ॥

পুণ্য কর্ম্ম থাকিলেও যদি দুষ্টা নীতির অবলম্বন করা হয়, তাহা হইলে সেই দুর্নীতিই সৌভাগ্যলক্ষ্মীর বিনাশ করিয়া থাকে; (কেবল তাহাই নহে, তাহার নামের শ্রী হরণ করে, অর্থাৎ মারিয়া ফেলে)। দেখ, প্রবল বায়ু তৈলপূর্ণ দীপশিখা বলপূর্ব্বক নির্ব্বাপিত করিয়া থাকে ॥ ২৯ ॥

অতএব হে দেব ! পুত্রবধ কখনই মঙ্গলের নহে। এইরূপ কথিত বৎসরাজের বাক্য আকর্ণন করিয়া (শুনিয়া), রাজা মুঞ্জ কুপিত হইয়া বলিয়াছিলেন,—তুমিই রাজ্যের অধীশ্বর; সেবক নও ? ॥ ৩০ ॥

यो भृत्यः स्वाम्युक्ते स्वामिना प्रभुणा आदिष्टे कर्म्मणि न यतते यत्नेनादेशं न पालयति, स भृत्यपाशकः कुत्सितो भृत्यः, भृत्यशब्दात् कुत्सितार्थे पाशप्रत्ययः, पश्चात् गर्हार्थे कप्रत्ययश्च। तेन निन्दनीयोऽपि। अजागलकुचाविव अजायाश्छागल्या गले

ततो वत्सराजः कालोचितमालोचनीयमिति मत्वा तूष्णीं बभूव। अथ लम्बमाने दिवाकरे उत्तुङ्गसौधोत्सङ्गादवतरन्तं कुपितमिव कृतान्तं वत्सराजं वीक्ष्य समिता अपि विविधेन मिषेण स्वभवनानि प्रापुर्भीताः सभासदः। ततः स्वसेवकान् स्वागारपरित्राणार्थं प्रेषयित्वा रथं भुवनेश्वरीभवनाभिमुखं विधाय भोजकुमारोपाध्यायाकारणाय प्राहिणोदेकं वत्सराजः। स चाह पण्डितम्, "तात! त्वामाकारयति वत्सराज" इति। सोऽपि तदाकर्ण्य वज्राहत इव भूताविष्ट इव ग्रहग्रस्त इव तेन सेवकेन करे धृत्वाऽऽनीतः पण्डितः। तञ्च बुद्धिमान् वत्सराजः सप्रणाममित्याह, "पण्डित! तात! उपविश, राजकुमारं जयन्तम् अध्ययनशालाया आनय" इति। आयान्तं जयन्तं

जातौ कुचौ स्तनौ इव तज्जीवनमपि तस्य प्रभोर्जीवनं प्राणा अपि व्यर्थं निष्प्रयोजनं निष्फलं प्रभुत्वविरहात्। यद्वा तज्जीवनमपि भृत्यपोषकजीवनमपि व्यर्थं अजागलकुचाविव। तस्मात् सोऽपि हन्तव्य इति भावः॥ ३१॥

যে ভৃত্য প্রভুর আদেশ যত্নপূর্ব্বক পালন না করে, সে কেবল কুৎসিত নহে, নিন্দনীয়ও বটে; আবার ছাগীর গলে জাত স্তনদ্বয়ের ন্যায় সেই প্রভুর জীবনও নিষ্ফল (যিনি তাদৃশ ভৃত্যের পোষক;) অথবা তাদৃশ কুৎসিত ও নিন্দনীয় ভৃত্যের জীবনও (ভরণ পোষণও) নিষ্ফল, যেমন ছাগীর গলস্তন; (সুতরাং তাহাকে মারিয়া ফেলাই কর্ত্তব্য)। ৩১॥

ततस्तद्वाक्यश्रवणानन्तरम्। लम्बमाने विलम्बिते दिवाकरे दिवसावसानसमये। समिताः समागत्य मिलिताः। विविधेन मिषेण छलेन। स्वागारपरित्राणार्थं भाविन्या विपदो रक्षितुं स्वं गृहं; नगरप्लावनरूपा हि भाविनी विपद्। आयान्तं आगमनं

कुमारं किमप्यधीतं पृष्ट्वाऽऽनैषीत्। ततः प्राह पण्डितम्, "विप्र! भोजकुमारमानय" इति। ततो विदितवृत्तान्तो भोजः कुपितो ज्वलन्निव शोणितेक्षणः समेत्य प्राह, "आः पाप! राज्ञो मुख्यकुमारम् एकाकिनं मां राजभवनाद् वहिरानेतुं तव का नाम शक्तिः"? इति वामचरणपादुकामादाय भोजेन तालुदेशे हतो वत्सराजः। ततो वत्सराजः प्राह, "भोज! वयं राजादेशकारिणः" इति। अथ बालं रथे निवेश्य, खड्गमपकोशं कृत्वा जगामाशु महामायाभवनम्। ततो गृहीते भोजे लोकाः कोलाहलं चक्रुः; हुंभावश्च प्रवृत्तः; किं किमिति ब्रुवाणा भटा विक्रोशन्त आगत्य सहसा भोजं बधाय नीतं ज्ञात्वा हस्तिशालामुष्ट्रशालां वाजिशालां रथशालां प्रविश्य सर्वे जघ्नुः। ततः प्रतोलीषु राजभवनप्राकारवेदिकासु वहिर्द्वारविटङ्केषु पुरसमीपेषु भेरिपटहमुरजमड्डुकडिण्डिमनिनदाडम्बरेणाम्बरं विडम्बितमभूत्। केचिद्विमलासिना, केचिद्-

---

कुर्वन्तं, नयन्तं वशीकुर्वन्तं (कुमाराणां सौभाग्यसूचकं विशेषणं प्रायो दृष्टम्) कुमारं भोजं किमप्यधीतं पृष्ट्वाऽध्यापक आनैषीत्—आनिनाय ; ततस्तत्र विलम्बमसहमानः सन् वत्सराजः पुनः प्राह। प्रतोलीषु रथ्यासु, अभ्यन्तरेषु पथिषु वा, राजभवनप्राकारवेदिकासु राजभवनप्राचीरलग्नासु वेदिकासु, वहिर्द्वारविटङ्केषु वहिर्द्वारावस्थितेषु उपवेशनस्थानेषु। भेरिः ढक्का, पटहो रणढक्का, मुरजो मृदङ्गः, मड्डुको मर्द्दलं, डिण्डिमो ढोलम्, तेषामाडम्बरो वाद्यध्वनिः, रणवाद्यं, तेन अम्बरं आकाशः विडम्बितं क्लेशितम्।

তারপর বৎসরাজ সময়োপযোগী আলোচনা করা কর্ত্তব্য, এইরূপ মনে করিয়া নির্ব্বাক্ হইয়াছিলেন। অনন্তর দিবাকর সূর্য্য বিস্তৃত আকার ধারণ করিলে

বিষেণ, কেচিৎ কুন্তেন, কেচিৎ পাশেন কেচিদ্বহ্নিনা, কেচিৎ পরশুনা, কেচিদ্ভল্লেন, কেচিত্তোমরেণ, কেচিৎপ্রাসেন, কেচিদম্মদ্ধারায়াং ব্রাহ্মণযোষিতো, রাজপুত্রা, রাজসেবকা, রাজানঃ, পৌরাশ্চ প্রাণপরিত্যাগং দধুঃ। ততঃ সাবিত্রীসংজ্ঞা ভোজস্য জননী বিশ্বজননীব স্থিতা দাসীমুখাৎ স্বপুত্রসংস্থিতিমাকর্ণ্য করাভ্যাং নেত্রেঽপিধায় রুদতী প্রাহ, "পুত্র! পিতৃব্যেণ কাং দশাং গমিতোঽসি? যে ময়া নিয়মা উপবাসাশ্চ ত্বৎকৃতে কৃতাঃ, তেঽদ্য মে বিফলা জাতাঃ! দশাপি দিশাং মুখানি শূন্যানি! পুত্র! দৈবেন সর্বজ্ঞেন সর্বশক্তিনা সৃষ্টাঃ স্ত্রিয়ঃ! পুত্র! এনং দাসীবর্গং সহসা বিচ্ছিন্নশিরসং পশ্য" ইত্যুক্ত্বা ভূমা-

---

কুন্তেন বেধাস্ত্রেণ, পাশেন রজ্জ্বাদিনা, পরশুনা কুঠারেণ, ভল্লেন ক্ষেপণাস্ত্রবিশেষেণ, তোমরেণ, প্রাসেন চ। ব্রাহ্মণযোষিতো ব্রাহ্মণস্ত্রিয়ঃ। স্বপুত্রসংস্থিতিং নিজপুত্রস্যাবস্থাং। নিয়মা ব্রতাদিরূপাঃ, উপবাসঃ ক্ষপি। দশসংখ্যকানি দিঙ্মুখানি শূন্যানি

(বৈকাল বেলায়) অত্যন্ত সমুন্নত রাজভবনের মধ্য হইতে অবতরণকারী বৎসরাজকে কুপিত যমের ন্যায় দেখিয়া, যে সকল সভ্যেরা আসিয়া তাঁহার সঙ্গে মিলিত হইয়াছিলেন, তাঁহারা নানাপ্রকার ছল করিয়া ভয়ে নিজ নিজ বাটীতে গমন করিয়াছিলেন। তারপর বৎসরাজ নিজবাটী রক্ষার জন্য নিজ ভৃত্যদিগকে পাঠাইয়া রথকে ভুবনেশ্বরীর বাটীর অভিমুখ করিয়া, কুমার ভোজের উপাধ্যায়কে ডাকিবার জন্য একজনকে প্রহিত করিয়াছিলেন। সে লোক যাইয়া পণ্ডিতকে বলিয়াছিল, পণ্ডিতমহারাজ! বৎসরাজ তোমাকে ডাকিতেছেন। পণ্ডিত সেই কথা শ্রবণ করিয়া, বজ্রাহতের ন্যায়, ভূতাবিষ্টব্যক্তির ন্যায়, গ্রহগ্রস্ত মানবের ন্যায় বিহ্বল হইয়া পড়িয়াছিলেন, এবং সেই সেবক তাঁহার হাত ধরিয়া আনিয়াছিল।

वपतत्। ततः प्रदीप्ते वैश्वानरे समुद्भूतधूमस्तोमेनेव मलीमसे नभसि पापत्रासादिव पश्चिमपयोनिधौ लग्ने मार्त्तण्डमण्डले महामायाभवनमासाद्य प्राह भोजं वत्सराजः, "कुमार! ज्योतिःशास्त्रविशारदेन केनचिद् ब्राह्मणेन तव राज्यप्राप्ता-वुदीरितायां राज्ञा भवद्वधो व्यादिष्टः" इति ॥ ३२ ॥

त्वां विना पश्यामीत्यर्थः। प्रदीप्ते वैश्वानरे वह्नौ प्रोज्ज्वलिते सति समुद्भूतानां सञ्जातानां धूमानां स्तोमेन राशिना नभसि आकाशे मलीमसे मलिने सति (प्रायः सन्ध्यायां नगराकाशो दत्तानलचुल्लीसमुत्थधूमव्याप्तो भवतीति दृष्टवदुक्तिः) अन्यत्र भटादिभिः प्रदत्तानलगेहसमुत्थधूमेन, वह्निना त्यक्ते देहे सञ्जातेन धूमेन च समले सत्याकाशे, पापत्रासादिव संसर्गजपापभयादिव, (पापिसंसर्गी हि पापायेति चिन्तयन्निव) पश्चिमपयोनिधौ पश्चिमसमुद्रे मार्त्तण्डमण्डले लग्ने सति संयुक्ते, अन्यत्र लग्ने लज्जिते (कथं पुनरेभ्यो मुखं दर्शयिष्यामीति लज्जया लोहितमुखे भास्करे जलमज्जनेनात्मानं हन्तुमुद्यते सतीव सूर्य्ये) सायमित्यर्थः॥ ३२।

বুদ্ধিমান্ বৎসরাজ প্রণামপূর্ব্বক তাঁহাকে বলিয়াছিলেন, পণ্ডিতমহারাজ! বসুন। জয়ন্ত রাজকুমারকে পাঠশালা হইতে আনয়ন :করুন। পণ্ডিতও আগমনকারী জয়ন্ত কুমারকে পঠিত কিছু কিছু বিষয় জিজ্ঞাসা করিতে করিতে আনিয়াছিলেন। (ধীরে ধীরে আসিতে বিলম্ব দেখিয়া) বৎসরাজ আবার বলিয়াছিলেন, ওহে ব্রাহ্মণ! কুমার ভোজকে আনয়ন করুন। এইরূপ আদেশ দ্বারা ভোজ সমস্ত বৃত্তান্ত জানিতে পারিয়া কুপিত হইয়াছিলেন, এবং রক্তচক্ষু হইয়া ক্রোধে যেন জ্বলিতে জ্বলিতে আসিয়া বলিয়াছিলেন, আরে পাপ! আমি রাজার মুখ্য কুমার; আমাকে একাকী রাজবাটী হইতে বাহিরে আনিবার তোমার কি শক্তি আছে? (কোন্ অধিকার আছে?) এই কথা বলিয়া বামপদের পাদুকা লইয়া ভোজ বৎসরাজের তালুদেশে প্রহার করিয়াছিলেন। পাদুকাপ্রহার খাইয়া বৎসরাজ

বলিয়াছিলেন, দেখ কুমার! আমরা রাজার আদেশপালনকারী মাত্র। এই কথা বলিয়া ভোজকে রথে নিবেশিত করিয়া, কোষ হইতে তরবারি নিষ্কাশিত করিয়া মহামায়ার বাটীতে শীঘ্রই গমন করিয়াছিলেন। এইভাবে ভোজকে লইয়া গেলে সকললোক কোলাহল করিয়াছিল। চারিদিকে হুঙ্কার প্রবৃত্ত হইয়াছিল (প্রতিশোধ লইবার পূর্ব্বে হয় যে হুঁ, তাহা সকলেই করিয়াছিল, অর্থাৎ সকলেই সেই অপরাধের প্রতিশোধ লইবার জন্য প্রবর্ত্তিত হইয়াছিল)। কি! কি! এই কথা বলিতে বলিতে যোদ্ধাসকল নিষ্ঠুরভাবে চীৎকার করিতে করিতে আসিয়া, ভোজ হত্যার জন্য নীত হইয়াছেন জানিয়া হস্তিশালা (পিলখানা), উষ্ট্র-শালা (উঠখানা), ঘোটকশালা (আস্তাবল্) ও রথশালায় প্রবেশ করিয়া সকলকে হত করিয়াছিল। তারপর সমস্ত পথে, রাজবাটীর প্রাচীরে যে বেদিকা, তাহাতে, বহির্দ্বারোপরিস্থিত উপবেশনস্থানসকলে, এবং অন্তঃপুরের নিকটে ঢাক, রণঢক্কা, মৃদঙ্গ, মাদল ও ঢোলকের বাদ্য দ্বারা সমস্ত আকাশ তোলপাড় করিয়া ফেলিয়াছিল। কেহ কেহ শাণিত তরবারি দ্বারা, কেহ কেহ বিষ দ্বারা, কেহ কেহ কুন্তনামক অস্ত্রদ্বারা, কেহ কেহ রজ্জু আদি পাশ দ্বারা, কেহ কেহ বহ্নি দ্বারা, কেহ কেহ কুঠার দ্বারা, কেহ ভল্ল দ্বারা, কেহ কেহ তোমর দ্বারা, কেহ কেহ প্রাসনামক শস্ত্র দ্বারা, কেহ কেহ জল দ্বারা (জলে ডুবিয়া) ধারানগরীতে ব্রাহ্মণস্ত্রীসকল, রাজপুত্রসকল, রাজভৃত্যসকল, রাজা সকল এবং অন্যান্য পুরবাসী সকল প্রাণ পরিত্যাগ (আত্মহত্যা) করিয়াছিল। এই সকল ব্যাপার ঘটিলে পর, সাবিত্রীনাম্নী কুমার ভোজের জননী যেন সমগ্র বিশ্বের জননী ভগবতীর ন্যায় অবস্থান করিতেছিলেন; তিনি দাসীর মুখে নিজপুত্রের অবস্থার কথা শ্রবণ করিয়া দুই হস্তের দ্বারা চক্ষুর্দ্বয় ঢাকিয়া রোদন করিতে করিতে বলিয়াছিলেন, হায় বাছা! পিতৃব্যের দ্বারা কি অবস্থাই পেলি রে! আমি তোর জন্য যে সকল বারব্রত উপবাসাদি করিয়াছি, সে সকল আমার আজ বিফল হইয়া গেল! হায়! দশদিক্ যে শূন্যময়! বাছা রে! সর্ব্বজ্ঞ সর্ব্বশক্তি দেব দ্বারা ধর্ম্ম, অর্থ, কাম, ত্রিবর্গই পরিত্যক্ত হইয়া গেল! বাছা রে! দেখ এই দাসীসকল একটাও

भोजः प्राह,—

"रामे प्रव्रजनं बलेर्नियमनं पाण्डोः सुतानां वनं,
वृष्णीनां निधनं नलस्य नृपते राज्यात्परिभ्रंशनम्।
कारागारनिषेवणञ्च मरणं सञ्चिन्त्य लङ्केश्वरे,
सर्वः कालवशेन नश्यति नरः को वा परित्रायते" ॥ ३२ ॥

অবিচ্ছিন্নমস্তকে নাই—এইরূপ বিলাপ করিয়া ভূমিতে পতিত হইয়াছিলেন। পরে অগ্নি প্রজ্জ্বলিত হইলে তাহা হইতে সঞ্জাত ধূমরাশিদ্বারা আকাশ আচ্ছন্ন হওয়ায় যেন পাপের ভয়েই সূর্য্যমণ্ডল পশ্চিমসমুদ্রে নিমগ্ন হইলে (জলে ডুবিয়া মরিতে উদ্যত হইলে) মহামায়ার বাটীতে আসিয়া উপস্থিত হইয়া বৎসরাজ ভোজকে বলিয়াছিলেন,—কুমার! কোনও জ্যোতিঃশাস্ত্রবিশারদ ব্রাহ্মণ দ্বারা তোমার রাজ্যপ্রাপ্তি কথিত হইলে রাজাকর্ত্তৃক তোমার বধের আদেশ হইয়াছে॥ ৩২।

रामे सम्बन्धविवक्षायां षष्ठीस्थाने सप्तमी छन्दोऽनुरोधात्। रामस्य प्रव्रजनं सन्न्यासं वनवासं; बलेर्बलिनामकदैत्यराजस्य नियमनं भूतलात् प्रच्याव्य पातालपुरे स्थापनं, पाण्डोः सुतानां पञ्चपाण्डवानां सस्त्रीकानां वनं वनवासं, वृष्णीनां यादवानां निधनं ध्वंसः, नलस्य नृपतेः नलराजस्य राज्यात् परिभ्रंशनं वनवासादिकञ्च, कारागारनिषेवणञ्च कारागृहभोगश्च, लङ्केश्वरस्य रावणस्य मरणं सञ्चिन्त्य मनसालोच्य 'सुस्थोऽस्मि संप्रति' इति शेषः। यतः सर्वः प्राणभृत् कालवशेन कालस्य नियतिकालस्य मृत्योः प्रजापतेर्वशेन कर्त्तृत्वाधीनतया नश्यति—देहेन चिरविच्छिन्नसम्बन्धी भवति; को वा नरः—मानुषः को वा परित्रायते रक्ष्यते, मानुषः कः, यो जीविष्यति चिरम्? ॥ ३२ ॥

ভোজ বলিয়াছিলেন—

রামের সন্ন্যাস (বনবাস), বলিকে পৃথিবী হইতে বিচ্যুত করিয়া পাতালে স্থাপন, সস্ত্রীক পাণ্ডুপুত্রদিগের বনবাস, বৃষ্ণিবংশের ধ্বংস, নলরাজের রাজ্য

"लक्ष्मीकौस्तुभपारिजातसहजः सूनुः सुधाम्भोनिधे,-
र्देवेन प्रणयप्रसादविधिना मूर्ध्ना धृतः शम्भुना।
अद्याप्युज्झति नैव दैवविहितं क्षैण्यं क्षपावल्लभः,
केनान्येन विलङ्घ्यते विधिगतिः पाषाणरेखासखी" ॥ २४ ॥

হইতে পতন ও কারাগারভোগ, এবং লঙ্কেশ্বর রাবণের মরণ মনে মনে আলো-চনা করিয়া আমি সুস্থই আছি। যেহেতু সকল প্রাণীই (কি মানুষ, কি দেব, কি যক্ষ, কি রক্ষঃ) মৃত্যুর কর্ত্তৃত্বাধীন বলিয়া নিশ্চয় মরিবে; মানুষ ত কোন্ ছার, যে রক্ষা পাইবে? ॥ ৩৩ ॥

क्षपावल्लभः निशापतिश्चन्द्रः सुधाम्भोनिधेः सुधासमुद्रस्य क्षीरोदसागरस्य सूनुः सुतः, अतएव लक्ष्मीकौस्तुभपारिजातसहजः, लक्ष्मीश्च, कौस्तुभश्च, पारिजातश्च, ते तथा, तेषां सहजः (सह जायते इति डः) सहोदरभ्राता; शम्भुना शिवेन देवेन प्रणयप्रसादविधिना प्रार्थनाजनितानुग्रहलक्षणेन (इत्थम्भावे तृतीया) इत्थं भूतं प्रार्थनाजनितानुग्रहलक्षणं यत्, मूर्ध्ना मस्तकैकदेशेन भालेन धृतः; तथापि दैव-विहितं भाग्यविधिजातं क्षैण्यं क्षीणत्वं ह्रासम् अद्यापि नोज्झति न त्यजति एव। तथाहि पाषाणरेखासखी शिलाङ्कितलेखासहचरी विधिगतिर्भाग्यफलप्राप्तिः प्राक्तन-कर्म्मकृतनियतिरन्येन केन विलङ्घ्यते? अपि तु नैव निर्मञ्छितुं पार्य्यते ॥ २४ ॥

চন্দ্র ক্ষীরোদসাগরে জাত বলিয়া লক্ষ্মী, কৌস্তুভমণি ও পারিজাতের সহোদর-ভ্রাতা; দেবদেব শিব প্রার্থনায় সন্তুষ্ট হইয়া এতই অনুগ্রহ করিয়াছিলেন যে, তাঁহার অনুগ্রহের চিহ্নস্বরূপে চন্দ্রকে ললাটদেশে ধারণ করিয়া রাখিয়াছেন, সেই চন্দ্র ভাগ্যফলে আজিও ক্ষীণতাকে (হ্রাস হওয়ায়) পরিত্যাগ করিতেই পারিতেছে না। শিলায় কৃত রেখার ন্যায় ভাগ্যের ফল মুছিয়া ফেলিতে অন্য আর কে সমর্থ হইবে? ॥ ৩৪ ॥

"अम्भोधिः स्थलतां स्थलं जलधितां धूलीलवः शैलतां,
मेरुर्मृत्कणतां तृणं कुलिशतां वज्रं तृणप्रायताम्।
वह्निः शीतलतां हिमं दहनतामायाति यस्येच्छया,
लीलादुर्ललिताद्भुतव्यसनिने देवाय तस्मै नमः" ॥ ३५ ॥

ततो वटवृक्षस्य पत्रमादाय, एकेन पुटीकृत्य, जङ्घां छुरिकया च्छित्त्वा, तत्र पुटके रक्तमासेच्य, तृणेन कस्मिंश्चित् पत्रे कञ्चन श्लोकं लिखित्वा वत्सं प्राह, "महाभाग! एतत्पत्रं नृपाय

यस्य देवस्य, इच्छया कामेन, अम्भोधिर्जलनिधिः समुद्रः, स्थलतां जलशून्याकृत्रिमरूपम्, आयाति प्राप्नोति ; एवं स्वभाववैपरीत्यं सर्वत्र वर्णनीयम्। धूलीलवः धूलिलेशः कणमिता धूलिर्महत्परिमाणं शैलतां शिलोच्चयरूपं पर्वतभावम्। कणकमयो मेरुर्महानपि मृत्कणतां कणमितं मृत्तिकारूपं क्षुद्रं कोमलं तुच्छञ्च। कुलिशतां वज्रभावम्। तृणप्रायतां तृणसदृशरूपम्। शीतलतां करकावत्। दहनतां दाहकभावम्। लीलायाः विलासस्य, दुर्ललितं दुरीप्सितम् अनिष्टम्, अद्भुतञ्च तद्व्यसन कामजो वा कोपजो वा दोषः, तन्नित्यं यस्यास्तीति तादृशाय, यद्वा क्रीडैव अनिष्टं विस्मयकरं व्यसनं यस्य नित्यसम्बद्धं, तस्मै देवाय नमः अस्त्विति शेषः। अस्त्येवं जगदीश्वरस्य व्यसनं ; नरेश्वरस्य तु कैव कथा इति भावः ॥ ३५ ॥

যাঁহার অঘটনঘটনাপটীয়সী ইচ্ছায় জলনিধি সমুদ্র জলশূন্য অকৃত্রিম ভূমিরূপ প্রাপ্ত হয়, স্থল জলনিধিরূপ, কণামাত্র ধূলি পর্ব্বতরূপ, সুবর্ণপর্ব্বত মেরু মৃত্তিকার কণামাত্র আকৃতি, তৃণ বজ্রের রূপ, বজ্র তৃণের সমান প্রকৃতি, অগ্নি করকার ন্যায় শীতলভাব ও হিম, দাহক অগ্নির ন্যায় স্বভাব প্রাপ্ত হয়, যাঁহার ক্রীড়াই হইতেছে অনিষ্ট, বিস্ময়জনক ব্যসন (কুক্রিয়া); তাহাও আবার নিত্য অবিচ্ছেদ্য সম্বন্ধে সম্বদ্ধ, সেই দেবকে নমস্কার। (এরূপ কুক্রিয়া যখন জগদীশ্বরেরও আছে, তখন আর মানুষের কথা কি)? ॥ ৩৫ ॥

दातव्यम्, त्वमपि राजाज्ञां विधेहि" इति। ततो वत्सराजस्यानुजो भ्राता भोजस्य प्राणपरित्यागसमये दीप्यमानमुखश्रियमवलोक्य प्राह ॥ २६ ॥

"एक एव सुहृद्धर्मो निधनेऽप्यनुयाति यः।
शरीरेण समं नाशं सर्वमन्यत्तु गच्छति" ॥ २७ ॥

তারপর বটবৃক্ষের একটি পত্র লইয়া, তাহার একাংশে পুটীকরণ (ঠোঙ্গা, দোনা) করিয়া ছুরিকা দ্বারা জঙ্ঘা (গুল্‌ফের উপর, জানুর নিম্নস্থান, হাঁটুর নিম্নস্থান) ছিন্ন করিয়া সেই পত্রপুটকে (পাতার ঠোঙ্গায়) রক্ত ধরিয়া তৃণ দ্বারা অন্য কোনও এক পত্রে কোনও একটি শ্লোক লিখিয়া বৎসরাজকে বলিয়াছিলেন,—'হে মহাভাগ! এই পত্রখানি নরপতি মুঞ্জকে দিতে হইবে। তুমিও এখন রাজার আদেশ পালন কর।' ভোজ এই কথা বলিলে পর, বৎসরাজের কনিষ্ঠভ্রাতা ভোজের প্রাণপরিত্যাগের সময়ে দেদীপ্যমান মুখশ্রী দেখিয়া বলিয়াছিল ॥ ৩৬ ॥

धर्मो विहितक्रियासाध्यः स गुणविशेषः पुण्यम्, एक एव मुख्य एव सुहृत् मित्रं, यो निधनेऽपि किं जीवनकाले, मरणकालेऽपि जीवमनुयाति गच्छन्तमनुगच्छति ; किन्तु शरीरेण प्राणत्यक्तदेहेन समं साकं सह अन्यत् धर्मभिन्नं मानमनुष्यत्वादिकं सर्वं नाशं गच्छति नश्यति, जीवं परित्यजतीति सर्वैरेव तुच्छमन्यद्विहाय धर्मे विशेषाग्रहः करणीय इति भावः ॥ २७ ।

(বেদাদিশাস্ত্রে যে সকল কর্ম্ম করিতে উপদেশ আছে, সেই সকল কর্ম্ম করিলে যে একপ্রকার অদৃষ্ট পদার্থ জন্মে, সেই পুণ্যনামক) ধর্ম্মই হইতেছে মুখ্য মিত্র ; কারণ, জীবনকালের কথা আর কি বলিব, মরণকালেও যে, সে জীবের অনুগমন করিয়া থাকে ; কিন্তু ধর্ম্মভিন্ন আর সকলই শরীরের সহিত নাশ পাইয়া থাকে ; (তাহারা জীবকে পরিত্যাগ করে ; সুতরাং তুচ্ছ মান ও মনুষ্যত্বাদি পরিত্যাগ করিয়া ধর্ম্মরক্ষার্থে সকলেরই যত্ন করা উচিত) ॥ ৩৭ ॥

"ন ততো হি সহায়ার্থে মাতা ভার্য্যা চ তিষ্ঠতি।
ন মিত্রপুত্রৌ ন জ্ঞাতির্ধর্ম্মস্তিষ্ঠতি কেবলঃ" ॥ ৩৮ ॥
"বলবানপ্যশক্তোঽসৌ ধনবানপি নির্ধনঃ।
শ্রুতবানপি মূর্খশ্চ যো ধর্ম্মবিমুখো জনঃ" ॥ ৩৯ ॥

ততস্তদনন্তরং মৃত্যোঃ পশ্চাৎ মাতা ভার্য্যা চ সহায়ার্থং সাহায্যং কর্ত্তুং ন তিষ্ঠতি হি নিশ্চিতম্। ন মিত্রং পুত্রশ্চ তিষ্ঠতঃ, নাপি জ্ঞাতিস্তিষ্ঠতি; কিন্তু কেবলো নির্দ্দোষো নিশ্চিতো ধর্ম্মস্তিষ্ঠতি সহায় ইতি ধর্ম্মোঽপরিহার্য্য ইতি ভাবঃ ॥ ৩৮ ॥

মৃত্যুর পর মাতা ও ভার্য্যা সাহায্য করিতে সমর্থ হন না, ইহা নিশ্চয়ই; মিত্র এবং পুত্রও সহায়তা করিতে অক্ষম; জ্ঞাতিও তথৈবচ; কিন্তু ইহা নিশ্চয় করা আছে যে, তখন ধর্ম্মই সহায় হইয়া থাকেন। (এই জন্য ধর্ম্মকে পরিত্যাগ করিতে নাই) ॥ ৩৮ ॥

যো জনো ধর্ম্মবিমুখো ধর্ম্মে পরাঙ্মুখো ভবতি, অসৌ সঃ বলবানপি সংগ্রামাদৌ বলসাধ্যে কর্ম্মণি অশক্তঃ শক্তিহীনো দুর্ব্বলঃ, ন হি বলেন ধনমানেতুং শক্যং, তুল্যয়োর্বিদুষোরেকং দরিদ্রং পরো ধনবান্ দুঃখীকরোতীতি দৃষ্টং; তৎ কস্য হেতোঃ? অদৃষ্টস্য কারণস্য তং প্রতি সমুদ্ভবাৎ। এবং ধনবানপি নির্ধনো ভবতি, দস্যুতস্করাদিভির্হৃতসর্ব্বস্বত্বাৎ। তথা শ্রুতবানপি শাস্ত্রীয়জ্ঞানবান্ সন্নপি মূর্খো ভবতি লৌকিকে খলু ব্যবহারে দৌর্ভাগ্যাৎ, প্রয়োগাপরিজ্ঞানাৎ, অস্থানে প্রয়োগকরণাদিতি ধর্ম্মঃ আশ্রেয়ঃ ॥ ৩৯ ॥

যে জন ধর্ম্মে পরাঙ্মুখ হয়, সে বলবান্ হইলেও (সংগ্রামাদি বলসাধ্য কর্ম্মে) শক্তিহীন দুর্ব্বল হইয়া পড়ে; (পক্ষান্তরে দেখা যায়,—বল থাকিলে ও বলের প্রয়োগ করিলেও সে বল দ্বারা ধন আনয়ন করিতে পারা যায় না; দুই জনেই সমান বিদ্বান্; কিন্তু তন্মধ্যে একজন ধনবান্ অন্য দরিদ্র-বিদ্বান্‌জনকে দুঃখিত করে; আচ্ছা কি হেতু এরূপ হয়? না, তাহার পক্ষে অদৃষ্ট ধর্ম্মই কারণ। সেই

